সাহিত্য পরিষদ্‌গ্রন্থাবলী—সং ৫৬

# ধর্ম্মপূজা-বিধান

শ্রীরামাই পণ্ডিত-বিরচিত

---

শ্রীযুক্ত ননীগোপাল বন্দ্যোপাধ্যায়
সম্পাদিত

—•—

লালগোলার
রাজা রাও শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুরের
সম্পূর্ণ ব্যয়ে
কলিকাতা, ২৪৩।১ অপার সার্কুলার রোড
বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মন্দির হইতে
শ্রীরামকমল সিংহ কর্ত্তৃক
প্রকাশিত।

---

১৩২৩

মূল্য— সাধারণ পক্ষে—৸৹
শাখা-সভার সদস্যপক্ষে—৷৵৹
পরিষদের সদস্য পক্ষে—৷৹

# ভূমিকা

বৌদ্ধধর্ম্মের শেষ, ধর্ম্মপূজা সম্বন্ধে প্রায় বিশ বৎসর ধরিয়া নানারূপ বিচার-বিতর্ক চলিতেছে—তাহার চূড়ান্ত মীমাংসার জন্য আমাদের এই "ধর্ম্মপূজাবিধান" বাহির হইল।

## ১। পুথির পরিচয়

এই পুস্তকের মূল—এসিয়াটিক সোসাইটীর একখানি তালপাতার পুথি ( নং ৫৪৩৮ ); অক্ষর—বাঙ্গলা, এক শত বৎসরের পুরাণ। পুথির ২১নং পাতার প্রথম পৃষ্ঠ পর্য্যন্ত অংশে পুস্তকের প্রথম খণ্ড হইয়াছে। ২১নং পাতার ২য় পৃষ্ঠ হইতে নূতন নম্বর আরম্ভ হইয়া ১—৯৬ পর্য্যন্ত গিয়াছে। এই অংশ লইয়া পুস্তকের দ্বিতীয় খণ্ড হইয়াছে। বাকি ৪৫ পাতায় কেবল রামাই পণ্ডিতের ছড়া। ছড়াগুলি 'পরিশিষ্টে' দেওয়া হইয়াছে।

( ১ ) প্রথম খণ্ডে অতি সংক্ষেপে পূজার ব্যবস্থা—বক্তা শ্রীরঘুনন্দন। ( ২ ) দ্বিতীয় খণ্ডে পূজাপদ্ধতি অতিবিস্তৃত। ( ৩ ) আর পরিশিষ্টের রামাই পণ্ডিতের কথা মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় প্রথম প্রকাশ করেন[১]—"ধর্ম্মঠাকুরের পুথি পড়িতে গেলেই এক জনের নাম সর্ব্বত্র দেখিতে পাওয়া যায়, ইহার নাম রামাই পণ্ডিত। লাউসেনের মাতা রঞ্জাবতী ইহাঁরই আশ্রমে শালে ভর দিয়াছিলেন। ইনি ধর্ম্মপূজার আদিগুরু।" পরে

---

১। সাহিত্য-পরিষৎ-পত্রিকা—১৩০৪, পৃঃ ৬২।

শ্রীযুক্ত বাবু নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয় রামাই পণ্ডিতের শূন্যপুরাণ প্রকাশ করেন। প্রথম প্রথম কেবল রামাই পণ্ডিতের ছড়া লইয়াই ধর্ম্মপূজা চলিত। রামাই পণ্ডিত মহাশয় ব্রাহ্মণদিগের হইয়া অনেক প্লীড্ করিয়া গিয়াছেন।[২] ধর্ম্মঠাকুরের নাম করিয়া যে নীচ শূদ্রজাতি খায়—এ তাঁর কিছুতেই সহ্য হইত না।

## ২। পুথির বিষয় ধর্ম্মের পূজা—তাহার কাল ও স্থান

এই ধর্ম্মের পূজা, মানতের পূজা, শুক্লপক্ষের তৃতীয়া তিথি হইতে আরম্ভ করিয়া চতুর্দ্দশী পর্য্যন্ত দ্বাদশ দিবস উৎসব চলিত; দ্বাদশ জন সন্ন্যাসী হইত। উৎসবের নাম গৃহভরণ বা বারমতি গৃহভরণ।

### সঙ্কল্প

পৃঃ ১৮। শ্রীবিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি শুক্লে পক্ষে তৃতীয়ায়াস্তিথাবারভ্য পূর্ব্বাঙ্গীকৃতদ্বাদশদিবসীয়গৃহভরণ-ধারশোধন-কর্ম্মণি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীশ্রীধর্ম্মপ্রীতিকামঃ ধর্ম্মদেবপূজন অমুকবিরচিত-ধর্ম্মপুরাণোক্তধর্ম্মদেবসংগীত-

---

২। পৃঃ ৬ মোর নাম করি শূদ্র জত সব খায়।
পিতৃমাতৃ শ্বশুর তার ঘোর নরক পায়॥
আম্র দেখিয়া যেন খায় অতি সুখে।
চুসিতে চুসিতে যেন আঠি লাগে বুকে॥
তেমন আমার দ্রব্য লোভেতে মরণ।
সবংশে তাহার নাশ করিজে নিধন॥

গানবাদ্যনৃত্যাদিভির্দ্বাদশদিবসীয়-ধর্ম্মদেবগৃহভরণমহোৎসব-
মহং করিষ্যে।

পৃঃ ২০। ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা পূর্ব্বাঙ্গীকৃত-
দ্বাদশদিবসীয়-গৃহভরণকর্ম্মণি গণেশাদি-শ্রীশ্রীধর্ম্মদেবপূজ-
নাদিকর্ম্মকরণায় অমুকাদিগোত্রান্ শ্রীঅমুকদাসাদি যথা-
নামধেয়ান্ সন্ন্যাসাদিদ্বাদশ ভক্তান্ ভবতোহং বৃণে।

আমাদের দেশে, ব্যাণ্ডেল কাটোয়া রেলের প্যাটুলি ষ্টেসনের নিকট জামালপুরে, এক ধর্ম্মরাজ আছেন। সেখানে ত বৈশাখী শুক্লা চতুর্দ্দশীতেই তাঁহার পূজা হয়; অনেক ছাগ ও শূকর বলিদান হয়; প্রকাণ্ড মেলা বসে; ঐ দিন স্ত্রীলোকেরা সন্তানের কল্যাণে "ঘরভরার উপোস" করেন।

এই পুথিতে বলে—বল্লুকা নদীর তীরেই প্রথম ধর্ম্মঠাকুরের আবির্ভাব ও পূজা আরম্ভ হয়।

পৃঃ ২২। শনিবার ব্রত করিল বল্লুকার তীরে।
ব্রহ্মা হরিহর আছেন গোসাঞির বরাবরে॥

এই বল্লুকা নদী বর্দ্ধমান জেলার ভিতর দিয়া গিয়াছে। নদীর তীরে বড়োযাঁনে এক ধর্ম্মঠাকুরও আছেন। এক কালে তাঁহার এক প্রকাণ্ড মন্দির ছিল। মন্দিরের কাজ-করা পাথরগুলি চারি দিকে ছড়াইয়া পড়িয়া আছে। ধর্ম্ম ঠাকুর পাছে রাগ করেন, এই ভয়ে সে পাথরগুলি কেহ স্পর্শও করে না। এখন ধর্ম্মঠাকুর মন্দিরের অতি নিকটে একখানি উত্তর-দক্ষিণে লম্বা একতালা কোটা ঘরে আছেন। মন্দিরের দুয়ার পূর্ব্বদিকে, দক্ষিণেও একটি দরজা আছে। মন্দিরের সম্মুখে বড় একটি নাটমন্দির। সারি সারি থামের উপর একটি

ছাদ। পূজা পার্ব্বণে ও উৎসবে এখানে অনেক লোকের সমাগম হয়। ধর্ম্ম ঠাকুরের অধিকারিণী মুখি পণ্ডিত, অর্থাৎ মোক্ষদা ঠাকুরাণী, জাতিতে ডোম, উপাধি পণ্ডিত—অর্থাৎ তিনি ডোমের পণ্ডিত। মুখি পণ্ডিত অতি শুদ্ধাচারে থাকেন। তিনিই ধর্ম্মঠাকুরের নিত্য পূজা করেন; বড় বড় পালপার্ব্বণে ব্যাকরণ-জানা একজন পণ্ডিত লইয়া আসেন, তিনিই বড় বড় পূজা করিয়া থাকেন। পূজার মন্ত্র,—যস্যান্তোঽনাদিমধ্যো···। ধর্ম্মঠাকুর নিজে কয়েকটি আবরণ-দেবতার সহিত একখানি কাঠের সিংহাসনে বিরাজ করেন। ধর্ম্মঠাকুরের জমাজমি বেশ আছে। চাসের পর খড়ে ও ধানে নাটমন্দিরটি পরিপূর্ণ হইয়া যায়। নিকটবর্ত্তী অনেক গ্রামেই ধর্ম্মঠাকুরের আরও মন্দির আছে।

বল্লুকা নদী বর্দ্ধমানের নিকট দামোদর হইতে উঠিয়া মৃজাপুরের খালে পড়িয়াছে। নদীটি এখন মজিয়া গিয়াছে; সব জায়গায় জল থাকে না; কিন্তু বড়োখাঁনে, বিশেষ ধর্ম্মঠাকুরের মন্দিরের নীচে, একটি বাঁওর হইয়া বেশ চটাল নদীর মত দেখা যায়। উহার জল অতি পরিষ্কার। এই বল্লুকা নদীই ধর্ম্মঠাকুরের তীর্থস্থান।

## ৩। ধর্ম্ম শিব নহেন, হিন্দুর কোন দেবতা নহেন, সাক্ষাৎ বুদ্ধদেব

এখন কেহ কেহ ধর্ম্মের পূজায় যে বৌদ্ধধর্ম্মের শেষ—তাহা না মানিয়া রব তুলিয়াছেন—ধর্ম্মের পূজা শিবেরই পূজা। কিন্তু "ধর্ম্মপূজাবিধানে" অনেকগুলি আবরণ-দেবতার পূজা করিতে হয় ও

শিব আবরণদেবতাদেরই এক দেবতা মাত্র। নীচে প্রথম ও দ্বিতীয় খণ্ডের আবরণদেবতাগণের নাম দেওয়া হইতেছে।

## প্রথম খণ্ডের আবরণ-দেবতা

বলা বাহুল্য, রঘুনন্দন যে ধর্ম্মের এই পূজাপদ্ধতি লিখিবেন, এ কথা কেহই বিশ্বাস করিবেন না। লোকে যখন রঘুনন্দনকে শাস্ত্রকার বলিয়া মানিয়া লইয়াছে, তখন কেহ ধর্ম্মঠাকুরকে হিন্দু-দেবতামণ্ডলের মধ্যে লইতে গিয়া, রঘুনন্দনের নামে এই পুথি লিখিয়াছেন। আবরণদেবতাগণের নাম ;—গণেশ, সূর্য্য, বিষ্ণু, শিব, দুর্গা, লক্ষ্মী, বিষহরি, ভৈরব, বাশুলী, সরস্বতী, কুবের, ষষ্ঠী, ভগবতী প্রভৃতি। ধর্ম্মের শক্তি কামিনার সহিত ধর্ম্মের পূজা, দুর্গার পর ও লক্ষ্মীর পূর্ব্বে, করিবার ব্যবস্থা।

## দ্বিতীয় খণ্ডের আবরণ-দেবতাগণের নাম,—

গণেশ, সূর্য্য, বিষ্ণু, শিব, লক্ষ্মী, বসুমতী, বিশালাক্ষী, বিষহরী, বটুকনাথ, ক্ষেত্রপাল প্রভৃতি ভৈরবগণ, ব্রহ্মাণী, মহেশ্বরী, বৈষ্ণবী, বারাহী, নারসিংহী, ইন্দ্রাণী, চামুণ্ডা দেবী, বাশুলী, সরস্বতী, কুবের, ক্ষীরসমুদ্র, ষষ্ঠী, ভগবতী, ব্রহ্মা, গরুড়, বিশ্বকর্ম্মা, দ্বারপালগণ, নন্দী, কামদেব, বাণেশ্বর, পণ্ডাসুর, দশদিক্‌পাল, শ্বেতপণ্ডিত, নীলপণ্ডিত, কংসারিপণ্ডিত, রামাই পণ্ডিত ও নব অগ্নি। মধ্যে শিবের পর অতি বিস্তৃত ধর্ম্মপূজা—সকলের শেষে কামিনার পূজা।

আবরণ-দেবতাগণের পূজার পর নানা দেবদেবীর, নানা দেশের ও ভক্তবৃন্দের নাম করিয়া এক একটি ফুল দিতে হইবে। [ পৃঃ ১২৬—১৩৪ ] ইহার মধ্যে মগরপণ্ডিত, কালুঘোষ, ভট্ট ধরাধর,

ভাস্করনৃপতি, মণ্ডিরঘোষ, সাধুপুর দত্ত, তাম্বুলি, উত্তররাঢ়, দক্ষিণরাঢ়, আশোয়াচাণ্ডাল, আদিনাথ, দীননাথ, চৌরাঙ্গনাথ, গোরনাথ, পঞ্চগৌড় ও রাজা গৌড়েশ্বরকে ফুল দিবার কথা আছে।

ধর্ম্মের আবরণ-দেবতাগণের মধ্যে শিবকে দেখিয়া ও আশোয়া-চাণ্ডালকে পর্য্যন্ত ফুল দিবার ব্যবস্থা পড়িয়াও যদি কেহ ধর্ম্মকে ব্রাহ্মণের আরাধ্য দেবতা শিব বলিয়া সন্দেহ করেন, তবে তাঁহারা আর‌ও দেখুন ;—

পৃঃ ৮৯। ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরং সেবা করে নিরন্তরং।
ইন্দ্র আদি ভজেন্নিত্যং সেই দেব নিরঞ্জনং॥

শ্রীধর্ম্মায় নমঃ।

আরও দেখুন ;—

পৃঃ ২১৫। ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর আদি দেবগণে।
একমনে স্তব করে দেব নিরঞ্জনে॥
কেহত আনলে জলে কেহ স্তব করে।
কেহ তপুস্যা কোরিল সপ্তসালের উপরে॥

* * * *

কার তপ নিরাহার কার পবন আহার।
হরের কঠোর তপুস্যা কোহিতে অপার॥
হেঁঠ মাথায় তপুস্যা করেন তৃলোচন।
দেখিতে না পাইলেন ঠাকুর নিরঞ্জন॥
ধর্ম্ম বলেন দেখা দিব কেমনে ইহায়।
উলুক পাত্র মোরে কহ না উপায়॥ ইত্যাদি ইত্যাদি।

তিনি সর্ব্বদেবময়—তিনিই শিব, তিনিই মহাবিষ্ণু, তিনিই গোকুলে গোপাল। এখনও কি তাঁহাকে শিব বলিবেন ?

শুধু শিব কেন ? ধর্ম্ম হিন্দুর কোন দেবতাই হইতে পারেন না—কেন না, তিনি হিন্দুর চারি বেদের বাহির।

পৃঃ ৭৬। বেদ পঞ্চমগোচরং পদতলং……

ধ্যায়েদ্ধর্ম্মমনন্তমাদিরহিতং উল্লূকপৃষ্ঠে স্থিতং ॥

পুঃ পৃঃ ১৬৫।

বাড়ি কোথা পণ্ডিতের কোন দেব ভজ।
কন্ মূর্ত্তি ধ্যান কর কন্ দেব পূজ ॥
কন্ মুখে পূজা কর কন্ বেদ পড়।
শীঘ্রগতি কহিল্যাম চাতুরালি ছাড় ॥

প্রত্যুর্ত্তর।

বাড়ী মোর বল্লুকার।
পূজি শ্রীনৈরাকার ॥
সুন্যমূর্ত্তি ধ্যান করি।
সাকার মূর্ত্তি ভজি ॥
পূর্ব্বমুখে পূজা করি পঞ্চম বেদ পড়ি।
সিঘ্রগতি কহিলাম চাতুরালি ছাড়ি ॥

যদি এখনও ধর্ম্মপূজায় 'বৌদ্ধগন্ধ' না পান, তবে আরও দেখুন,—এক ছড়ায় রামাই পণ্ডিত জলধির তীরে জগন্নাথকে বুদ্ধরূপে ভগবান্ বলিয়া, আর একটি ছড়ায় বলিলেন, জগন্নাথ সেখানে হিন্দু-মুসলমান একছত্র করিয়া গৌড়ে গিয়া আপন নাম ধর্ম্মমহারাজা বলাইলেন।

পৃঃ ২০৮।

জলধির তীরে স্থান বোদ্ধরূপে ভগবান্
হয়্যা তুমি কৃপাবলোকন।
প্রশাদ করেতে দিয়্যা নরে সন্নিধান লিয়্যা
কৈলে তুমি নৈরাস গমন ॥

পৃঃ ২১৪। দশমুরুতে গোসাঞি বলালে জগর্নাথ।
নিমের পৃতিম গোশাঞিং সুবর্ণের হাত ॥
হিদুঁ মুছুলমান ত্যোথা একছত্র করিঞা।
আপনা জানান প্রভূ জানান্ জানিঞা ॥
হাতে লিলে তির কামঠা পায় দিয়া মজা।
গৌড়েতে বলেন গিয়া ধর্ম্ম মহারাজা ॥

## ৪। ধর্ম্মপূজাবিধি পুস্তক সম্বন্ধে বক্তব্য

" বস্তুতঃ আমাদের এই ধর্ম্মপূজাতেই বৌদ্ধধর্ম্মের শেষদশা। কিন্তু বৌদ্ধধর্ম্মের শেষদশা বলিলে বিশেষ কিছুই বুঝা যায় না। নানা দেশে নানা জাতির মধ্যে পড়িয়া বৌদ্ধধর্ম্মের কত বিচিত্র মূর্ত্তি, কত বিচিত্র পরিণতি ঘটিয়াছে—এ বিষয়ে আর নূতন করিয়া বলা নিষ্প্রয়োজন। অশোক রাজা যেমন দক্ষিণাঞ্চলে সিংহল পর্য্যন্ত সদ্ধর্ম্ম প্রচার করিলেন, পরে তথা হইতে ব্রহ্মদেশে ও আরাকানে ধর্ম্মের প্রতিষ্ঠা হইল; তেমনই শক নরপতি কনিষ্ক হইতে সমগ্র উত্তরাঞ্চলে বৌদ্ধধর্ম্মের প্রতিষ্ঠা হইল। যার্কান্দ-খোকান্দ হইতে গুজরাট্, অন্য দিকে আফগানিস্তান হইতে যমুনা পর্য্যন্ত—শকরাজের সুবিস্তৃত রাজ্য—পশ্চিম-হিমালয়ের উভয় পার্শ্বেই তাঁহার অক্ষুণ্ণ প্রতাপ। তাঁহারই কল্যাণে বৌদ্ধধর্ম্মের প্রভাব, আফগানিস্তান,

তুর্কীস্তান, চীন, পরে চীন হইতে কোরিয়া, মঙ্গোলিয়া, জাপান প্রভৃতি দেশে বিস্তৃত হইয়া পড়ে। এমন কি, কালচক্রতন্ত্রের টীকা বিমলপ্রভা হইতে জানা যায় যে, নীল ( Nile ) নদীর তীরে ও রুক্ষ-দেশভাষায় সদ্ধর্ম্মের প্রচার হয়।

সত্য সত্যই বুদ্ধদেবের ধর্ম্মে জগতে এক মহাবিপ্লব ঘটিয়াছিল। প্রাচীন মানব-সমাজে মানুষের গড়া কোন ধর্ম্মেরই অস্তিত্ব ছিল না। আমাদের যেমন 'অপৌরুষেয়' বেদ—তেমনই পুরাকালে সকল লোক-সমাজেই, আকাশমণ্ডলে অনন্ত গ্রহ-নক্ষত্রের মত, অনন্ত সংস্কারপুঞ্জ, আপনা আপনি ফুটিয়া উঠিয়া সমস্ত অন্ধকার দূর করিয়া দিত, মহা জীবনসমস্যার সমাধান করিয়া দিত; তা সে সমাধান সর্প-ব্যাঘ্রের পূজাতেই হউক, কি প্রকৃতির শক্তিবিশেষের স্তবস্তোত্রেই হউক। সর্ব্ব প্রথম বুদ্ধদেব আসিয়া জগতের এক দিকে প্রাচীন কালের এই সংস্কারসম্পত্তি চূর্ণবিচূর্ণ করিয়া দিলেন, জগৎ নূতন করিয়া গড়িলেন। অন্য দিকেও আবার বুদ্ধদেবের পর, আরও দুইটি পুরুষ ( যিশুখ্রীষ্ট ও মহম্মদ ) উঠিয়া তাহাই করিয়া গেলেন। জগৎ গুভাজু ( যাহারা গুরু ভজনা করে ) হইয়া গেল। কেবল কি জানি কেন, এই ভাঙ্গাগড়ার মধ্যে ভারতের আর্য্যসমাজ আজিও সেই পুরাকালের অপৌরুষেয় সনাতন ধর্ম্ম ধারণ করিয়া বর্ত্তমান। যাহা হোক, এই অর্দ্ধজগদ্‌ব্যাপী মহাবিপ্লবের মধ্যে আমাদের এই ক্ষুদ্র ধর্ম্মপূজাবিধানের স্থান কোথায়—নির্ণয় করিতে হইবে। স্তরের পর স্তর বৌদ্ধসাহিত্য আলোচনা করিয়া দেখিব, কোথায় কিরূপে সদ্ধর্ম্মের মধ্যে পূজাপাঠের সূত্রপাত হইল, কিরূপেই বা তাহার আমাদের এই ধর্ম্মপূজাতে অবসান হইল।

## ৫। প্রথম স্তর

বৌদ্ধধর্ম্মের মধ্যে পূজাপাঠ কোথা হইতে আসিল? বুদ্ধদেবের নিজ মুখের কথা কি, জানা যায় না। সে বিষয়ে কোন লেখাপড়াই নাই। লেখাপড়ায় প্রথম আমরা পাই, বিশ্বপূজ্য শাক্যসিংহের বিশ্বপূজ্য শিষ্য অশোকরাজার শিলালিপিগুলি। তাহাতে ত ধর্ম্ম বলিতে যাহা বুঝি, সে সম্বন্ধে ত বিশেষ কোন কথা নাই। তাহাতে কেবল দয়াদাক্ষিণ্যের কথা, আর ত্রিরত্নশরণের ব্যবস্থা। লেখাপড়ায় প্রথম বৌদ্ধধর্ম্মের কথা পালিভাষায় সিংহলের ত্রিপিটক শাস্ত্রেই পাওয়া যায়। অশোক রাজার উদ্যোগে তিষ্যমোগ্গলিপুত্তের অধীনে পাটলিপুত্রে বৌদ্ধ মহাসভার যে বৈঠক হয়, তাহারই সিদ্ধান্ত লইয়া এই ত্রিপিটক শাস্ত্র গঠিত হয়। ত্রিপিটকে মহাসভার সিদ্ধান্তগুলি ঠিক থাকিলেও ভাষায় ত তাহার অনেক পরিবর্ত্তন হইয়াছে। পালি অশোকের অন্ততঃ ২০০ বৎসর পরের ভাষা। তাহা হইলে বুদ্ধদেবের ৫০০ বৎসর পর, আমরা প্রথম তাঁহার যে ধর্ম্মের কথা শুনি, তাহাতে ত পূজাপাঠের কোন বিষয়ই নাই।

বুদ্ধদেব ইন্দ্র, অগ্নি, বরুণ প্রভৃতি দেবতাগণের অস্তিত্ব অস্বীকার করিলেন না; কিন্তু বলিলেন—তাঁহার সহিত তাঁহাদের কোন সম্পর্কই নাই। বৈদিক ধর্ম্মের বিরুদ্ধে তিনি কথাটি কহিলেন না। ব্রাহ্মণেরা যাগযজ্ঞে দেবতাগণকে প্রসন্ন করিয়া যাহা যাহা লাভ করেন, সকলই তাঁহার চক্ষে অকিঞ্চিৎকর। মানুষের জীবনে কোন দেবতার কোন হাত নাই। তিনি দ্বাদশ নিদানের ব্যাখ্যা করিয়া দেখাইলেন, এ সংসার এক কারণপরম্পরার উপর প্রতিষ্ঠিত।

তিলমাত্র এ দিক্ ও দিক্ হইবার উপায় নাই। এই কারণ-পরম্পরার চরমফল—জন্ম-জরা-ব্যাধি-মৃত্যু-হাহাকার! সংসার-সাগরের তরঙ্গবিক্ষেপে দিগ্‌দিগন্ত হইতে উঠিতেছে এক অবিশ্রান্ত হাহাকার ধ্বনি! আর, এই দ্বাদশনিদানের মূল—অবিদ্যা অন্ধকার! দেবতারা থাকে থাক—তাহাদের সহিত আমার এই অন্ধকারমগ্ন চিরহাহাকারপূর্ণ জীবনের কোন সম্বন্ধই নাই।

কিন্তু তিনি একটি আশার কথা বলিলেন যে, এই দুঃখপূর্ণ সংসার ভোগ করিতে আত্মা বলিয়া কোন বস্তুর স্বতন্ত্র অস্তিত্ব নাই। তিনি দেখাইলেন—জীবন পঞ্চস্কন্ধের মিলনের ফল-মাত্র; ইহার স্বতন্ত্র কোন অস্তিত্বই নাই। পঞ্চস্কন্ধ—(১) রূপ (জড় জগতের ভিন্ন ভিন্ন গুণ); (২) বেদনা (ইন্দ্রিয়ের অনুভূতি), (৩) সংজ্ঞা (ইন্দ্রিয়দ্বারে পুনঃ পুনঃ আবির্ভূত, পুনঃপুনঃ তিরোভূত পদার্থসকলের মনোমধ্যে ধারণা), (৪) সংস্কার (চিত্তের বৃত্তি ও গতি); (৫) বিজ্ঞান (যুক্তি, বিচার, বিতর্ক)। মানুষের ভিতর ও বাহির দুই দিক্‌ই বুদ্ধদেব দেখাইয়া দিলেন; বলিলেন—'পঞ্চস্কন্ধ' ভিন্ন আর কিছুই নাই। কিন্তু কিরূপে এই পাঁচের মিলন ঘটে? বুদ্ধদেব বলিলেন,—কর্ম্মে। কর্ম্মপ্রভাবেই পাঁচের মিলন ঘটিতেছে, কর্ম্মপ্রভাবেই সংসার চলিতেছে। কর্ম্ম অনন্তকোটি প্রকার, পাঁচের মিলনেও অনন্তকোটিপ্রকার রূপ। যেমন কর্ম্ম, তেমন রূপ—যেমন কাজ, তেমন সাজ। কর্ম্ম নিজের পঞ্চস্কন্ধময় সৃষ্টি অবলম্বন করিয়া চলিতে চলিতে, বাড়িতে বাড়িতে নূতন নূতন অসংখ্য কর্ম্ম সৃষ্টি করিতেছে, আর পুরাণ মূর্ত্তিটি ভাঙ্গিয়া তাহার স্থানে নূতন নূতন মূর্ত্তি গড়িতেছে, আবার ভাঙ্গিতেছে। কর্ম্মপ্রভাবেই পঞ্চস্কন্ধ মিলিত হইতেছে, বিক্ষিপ্ত হইতেছে, আবার

মিলিত হইতেছে, আবার বিক্ষিপ্ত হইতেছে। একটি জীব কর্ম্ম করিয়া অন্তর্ধান হইল, তাহার স্থানে সেই কর্ম্মের যন্ত্রণাভোগ করিবার জন্য নূতন নূতন জীবের জন্ম হইল, ইহারা আবার নূতন নূতন জীবের যন্ত্রণাভোগের জন্য কর্ম্মসঞ্চয় করিয়া চলিল। এইরূপে দুর্ব্বার কর্ম্ম-প্রবাহ চলিতেছে—ইহার আদি কোথায় জানি না, কিন্তু ইহার শেষ করিব। তৃষ্ণাতেই নূতন নূতন কর্ম্মের উৎপত্তি। 'তৃষ্ণা-নিরোধ' কর, কর্ম্ম আপনি ক্ষীণ হইয়া পড়িবে। যাগযজ্ঞ কর আর না কর, ইন্দ্রিয়জয়, 'তৃষ্ণানিরোধ' না করিলে কর্ম্মক্ষয় হইবে না, কর্ম্মক্ষয় না হইলে যন্ত্রণা হইতে অব্যাহতি নাই।

এই ত দক্ষিণ অঞ্চলের বৌদ্ধধর্ম্মের কথা—পূজাপাঠের কোন প্রসঙ্গই নাই। দক্ষিণ অঞ্চলের বৌদ্ধধর্ম্ম বরাবর একভাবেই আছে। এই জন্য এই সম্প্রদায়কে উত্তরাঞ্চলের বৌদ্ধগণ ঘৃণা করিয়া হীনযান বলিতেন ও আপনাদের মত মহাযান বলিয়া প্রচার করিতেন। মহাযানের কি অভাবনীয় পরিণাম হইয়াছে, পরে দেখা যাইবে।

উত্তর অঞ্চলের ধর্ম্মেই বা দেবদেবীর পূজাপদ্ধতি কিরূপে চলিল? চীনের বৌদ্ধগণ নানা উৎকট বিকটাকার দেবদেবীর বা রাক্ষস-রাক্ষসীর মূর্ত্তি পূজা করিয়া থাকে। শকনরপতি কনিষ্কের উদ্যোগে জালন্ধরে যে মহাসভার অধিষ্ঠান হয়, তাহাতে ত্রিপিটক শাস্ত্রের অনেক পরিবর্ত্তন হয়; এই পরিবর্ত্তিত ত্রিপিটক শাস্ত্রেরই চীনভাষায় তর্জ্জমা হইয়াছিল। তাহাতে দেবদেবীর পূজাপদ্ধতির কোন কথা আছে কি না, আজও জানা যায় নাই; যদি না থাকে, তবে বুঝিতে হইবে, এই পূজাপাঠ চীনের নিজস্ব। আজও কোন পণ্ডিত সে দিকে মনোযোগ করিলেন না।

তবে এক কথা,—শকরাজগুরু অশ্বঘোষের দুইখানি গ্রন্থ আমাদের হস্তগত হইয়াছে। প্রথম বুদ্ধচরিত কাউবেল সাহেব বাহির করেন; দ্বিতীয় সৌন্দরনন্দ কাব্য সে দিন মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় বাহির করিয়াছেন। তাহা হইলে ১৮০০ বৎসর পূর্ব্বে চীনদেশে যে বৌদ্ধধর্ম্ম যায়, সংস্কৃত সাহিত্য হইতে তাহার বিবরণ পাওয়া যাইতে পারে। অশ্বঘোষের আরও একখানি গ্রন্থ, শ্রদ্ধোৎপাদশাস্ত্র, পণ্ডিতবর সুজুকি চীন-ভাষা হইতে ইংরাজীতে তর্জ্জমা করিয়াছেন। অশ্বঘোষের গ্রন্থ আলোচনা করিয়া দেখা যায়—তাঁহার প্রধান কথা "শ্রদ্ধোৎপাদ", "শীলেন্দ্রিয় জয়", "বিতর্কহানি"। তিনিও ব্যাখ্যা করিলেন—পঞ্চস্কন্ধ "চপল", "অসার", "অনাত্মক", "বধাত্মক।" তিনিও বুঝাইলেন, সকল অবস্থাতেই "ইন্দ্রিয়ের সত্তা", "ইন্দ্রিয়ের অভ্যুদয়"; উহা "অনিত্য", "নিরাত্মক", দুঃখকর; উহাতে আবার আসক্তি কেন? আর কত বলিব? তিনি শিখাইলেন—"দৃষ্ট" বা "শ্রুত" "ব্যবহারধর্ম্মে" "অপ্রতিবদ্ধচিত্ত" হইতে, "সমাধিনির্গত" হইতে, "বিসংযোগগত" ও মুক্ত হইতে। এখানেও ত পূজা-পদ্ধতির কোন বিষয়ই নাই। তিনিও দেখাইয়াছেন—তপস্যালব্ধ স্বর্গাদিসুখভোগ অকিঞ্চিৎকর। তবে কাহার পূজা করিব? অশ্বঘোষের মতে বুদ্ধদেব নিজে কাহারও প্রণাম পর্য্যন্ত গ্রহণ করিতে রাজী নহেন। সদ্ধর্ম্ম লাভ করিয়া কৃতার্থ নন্দ যখন তাঁহাকে প্রণাম করিলেন, তখন তিনি স্পষ্ট বলিলেন,—

উত্তিষ্ঠ ধর্ম্মে স্থিত শিষ্যজুষ্টে কিং পাদয়োর্ম্মে পতিতোঽসি মূর্দ্ধ্না।
অভ্যর্চ্চনং মে ন তথা প্রণামো ধর্ম্মে যথৈবা প্রতিপত্তিরেব ॥৩

৩। সৌন্দরনন্দ কাব্য

## ৬। দ্বিতীয় স্তর

অশ্বঘোষের শিষ্য প্রশিষ্যগণ আরও এক পর্দ্দা চড়াইয়া ধরিলেন। অশ্বঘোষ বলিয়া গেলেন, জগতে কোন বস্তুরই স্বতন্ত্র অস্তিত্ব নাই, সকলই 'পরায়ত্তজন্ম'; সকল অবস্থাতেই তাঁহারা দেখিলেন, কেবল 'ইন্দ্রিয়সত্তা'। তাঁহারা আর অগ্রসর হইলেন না, এইখানেই থামিয়া গেলেন। "ইন্দ্রিয়সত্তা" ভিন্ন "বস্তুসত্তা"র সম্বন্ধে তাঁহাদের ভাবিবার কোন প্রয়োজন ছিল না। তাঁহারা মাত্র 'যথাস্থিত' জগতের, অর্থাৎ জগৎ যেমনটি দেখায়, তাহারই ব্যাখ্যা করিলেন। ইন্দ্রিয়ের বাহিরে 'বস্তুসত্তা' আছে কি না, তাঁহারা তত দূর ভাবিলেন না। অশ্বঘোষের শিষ্য-প্রশিষ্যগণ আরও এক পর্দ্দা চড়াইয়া স্কন্ধেরও শূন্যতা ঘোষণা করিলেন, 'বস্তুসত্তা'ও উড়াইয়া দিলেন। আর্য্যদেব "বস্তুভিনিবেশ শিথিল" করিয়া দিবার জন্য বলিলেন;—

রূপমেব ঘটো নৈক্যং ঘটো নান্যোঽস্তি রূপবান্।
ন বিদ্যতে ঘটে রূপং ন রূপে বিদ্যতে ঘটঃ॥

* * *

ঘটস্তাবয়বো রূপং তেন তাবন্ন তদ্‌ঘটঃ।
যস্মাদবয়বী নাস্তি তেন নাবয়বোপি তৎ॥[৪]

আর্য্যদেবের গুরু নাগার্জ্জুন প্রজ্ঞাপারমিতায় স্পষ্ট বলিলেন,— "এবমেব যৎকিঞ্চিদ্বিজ্ঞানং অতীতানাগতপ্রত্যুৎপন্নং আধ্যাত্মিকং বা বাহ্যং বা ঔদারিকং বা সূক্ষ্মং বা হীনং বা প্রণীতং বা যদ্বা দূরে যদ্বা অত্যন্তিকে, তদ্ভিক্ষুঃ পশ্যেৎ নিধ্যায়েৎ যোনিশশ্চ উপপরীক্ষেত,

৪ চতুঃশতিকা।

তস্য তৎ পশ্যতো নিধ্যায়তো যোনিশশ্চ উপপরীক্ষমাণস্য অসতো-প্যস্য খ্যায়াৎ, রিক্ততোপি তুচ্ছতোপি অসারতোপি রোগতোপি গণ্ডতোপি শলাতোপ্যঘতোপি অনিত্যতোপি দুঃখতোপি শূন্যতোপ্য-নাত্মতোপি অস্য খ্যায়াৎ। তৎ কস্য হেতোঃ? কিমস্মিন্ বিজ্ঞান-স্কন্ধে সারমস্তীতি। যথোপলভ্যতে বিচার্য্যমাণস্য, তথা স্বরূপা-সম্ভবাৎ মায়াযুবতিপ্রখ্যং বিজ্ঞানমিতি শক্যমবসাতুং।" * * * * সব হইয়া গেল। কিছুই কিছু নয়। কোথায় বা সংসার? কোথায় বা স্বর্গ? কোথায় বা মানুষ? কোথায় বা দেবতা?

বৌদ্ধদর্শন নাগার্জ্জুনের পর অভিসময়ালঙ্কার শাস্ত্রে এই শূন্য বিজ্ঞানময় দেখিয়াছিলেন মাত্র। মহাযানের শূন্যবাদ সম্বন্ধে সুজুকির মত যে, তাঁহারা জগৎতত্ত্ব ব্যাখ্যা করিবার কোন ভাষা না পাইয়াই বলিলেন,—সব শূন্য; অতএব তাঁহাদিগকে "Spiritual nihilist" বলিও না। কেনই বা না বলিব? যাঁহারা জগৎটা বর্ণনা করিলেন,—"অলাতচক্রনির্ম্মাণস্বপ্নমায়াম্বু-চন্দ্রক"বৎ, "ধূমিকান্তঃপ্রতিশ্রুৎকামরীচ্যভ্র"বৎ, তাঁহারা কি জগৎতত্ত্ব ব্যাখ্যা করিবার ভাষা না পাইয়াই বলিলেন, 'সব শূন্য'? আমাদের সে সব কথায় বিশেষ প্রয়োজন নাই। আমরা কেবল দেখিতেছি, বৌদ্ধধর্ম্মের এই দ্বিতীয় স্তরেও পূজা-পাঠের কোন প্রসঙ্গই নাই। এইখানেই ত আস্তিক ব্রাহ্মণ নৈয়ায়িকগণ ঘোর প্রতিবাদ তুলিলেন।

———

## ৭। তৃতীয় স্তর

বুদ্ধদেব নিজে ত মানব-জীবনের নিয়ামক কোন ঈশ্বরেরই সংবাদ দিলেন না। মানুষ যাঁহাকে ভক্তিভরে অর্চ্চনা করিতে পারে, যাঁহার কৃপায় ক্লেশমুক্ত ও চরিতার্থ হইয়া যাইতে পারে, এমন কোন ঈশ্বরের কথা বলিয়া তাঁহার শিষ্যগণকে আশ্বস্ত করিলেন না। তাঁহার তত্ত্বকথা কয় জনেই বা বুঝিবে, বুঝিয়া আশ্বস্ত হইবে? তিনি ঈশ্বরের কোন সংবাদ দিলেন না বটে, কিন্তু পরিণামে নিজেই ভক্তহৃদয়ে ঈশ্বরের আসন গ্রহণ করিয়া বসিলেন।

তাঁহার অন্তর্দ্ধানের পর যত দিন যায়, ততই তাঁহার করুণা-স্নিগ্ধ ছবিখানি, উজ্জ্বলতর, উজ্জ্বলতম হইয়া ফুটিয়া উঠিতে লাগিল। মন্দিরে মন্দিরে তথাগতের শান্ত স্নিগ্ধ মূর্ত্তি, আর উপাসক উপাসিকার হৃদয়ে হৃদয়ে তাঁহার করুণার উৎস ছুটিল। তথাগত ও তাঁহার করুণা বিচিত্র বর্ণে রঞ্জিত হইয়া এই সময়ে এক প্রকার সাহিত্যের সৃষ্টি করিল। বৈপুল্য প্রভৃতি সূত্র ও জাতক বা অবদানমালা এই সময়ের ফল। যদি ধৈর্য্য ধরিয়া এই সাহিত্য প'ড়তে পারেন ত মুগ্ধ হইয়া যাইবেন। এই স্তরেই আমরা দেখি, তথাগতের "কায়বাক্‌চিত্ত" মাধুর্য্যের তরঙ্গ তুলিতে তুলিতে অনন্তের সহিত মিশিয়া অনন্ত হইয়া গেল[৫]। শান্তমতি তথাগতের "বাক্" স্নিগ্ধা...মনোজ্ঞা...বিমলা... প্রভাস্বরা... কায়প্রহ্লাদকরী...চিত্তোদ্বিল্লজননী..."নিষ্পরিদাহা"... প্রেমকরণীয়া...অভিনন্দনীয়া...মারগ্রসনী... সিংহস্বরশব্দা... নাগস্বর-শব্দা... মেঘস্বরঘোষা... সাগরগর্জ্জিতস্বরা ... নাগেন্দ্ররুতা ... সর্ব্বস্বর-

---

৫। তথাগতগুহ্যক।

পূরণী···সর্ব্বেন্দ্রিয়তোষণী ··· (আর কত বলিব) সর্ব্বসত্ত্বাশয় সংতোষণী ··· দশদিক্সর্ব্বধাতুস্ফুরণী” ··· ইহাই “শান্তমতি তথাগতে”র বাগ্‌গুহ্য। এইরূপ তাঁহার ‘কায়গুহ্য’ ও ‘চিত্তগুহ্য’।
তাঁহার করুণামৃতধারায় নারকাগ্নিদগ্ধ প্রাণিকুলও শীতল হইল।

৬ ভগবন্নরকে বীচৌ মহানগ্নিস্তদাজ্বলৎ।
বীচির্ন জ্বায়তে তস্য জ্বালয়া মহতোর্চ্চিষঃ॥
* * স মহাসত্ত্বো লোকেশ্বরঃ কৃপান্বিতঃ।
তত্র সত্ত্বান্ সমুদ্ধর্ত্তুং প্রবিশতি জগদ্‌গুরুঃ॥
বপ্রপ্রাকারপর্য্যান্তময়োময়ং মহীতলম্।
মহদগ্নিস্তদা তত্র প্রোজ্জ্বলাগ্নিশিখাকুলঃ॥
তস্যাং সম্পোষিতা কুম্ভী মহতী তৈলপূরিতা।
* * দুরাত্মানঃ পাপিষ্ঠা দুরিতারতাঃ॥
এবং তে প্রাণিনো দৃষ্ট্বা অসহ্যবেদনাতুরান্।
স্বদুষ্কৃতানি ভুঞ্জন্তে তিষ্ঠন্তি পরিতাপিতাঃ॥
তত্রাপ্যসৌ মহাসত্ত্বো লোকনাথো জিনাত্মজঃ।
প্রবিষ্টঃ কথমুদ্ধৃত্য সম্প্রেষয় শুভব্রত॥

---

## ৮। চতুর্থ স্তর

করুণাসিন্ধু তথাগত-মূর্ত্তির চারি ধারে বিকটাকার ভৈরব-ভৈরবী, রাক্ষস-রাক্ষসী, ডাক-ডাকিনী ঘিরিয়া দাঁড়াইলেন ও পূজার ভাগ লইতে লাগিলেন। চীনের বৌদ্ধগণ যেমন বুদ্ধদেবের সহিত নিজ-

৬। আদিবাগ্‌বজ্রত্রিরত্নবিম্ব।

দেশের দেবদেবী বা ভূতপ্রেতের পূজা করে, এ দেশেও এক দিন সেইরূপ পূজা চলিত। তখন কোন এক উচ্ছৃঙ্খল মানব-সমাজে পড়িয়া, তাহাদের উপাস্য "দেবতা"দের সহিত মিশিয়া গিয়া, তথাগতও বিকৃত হইয়া গেলেন। এই ঘোর বিকারের মধ্যেই নানা বৌদ্ধতন্ত্রের উৎপত্তি—মন্ত্রযান, বজ্রযান, কালচক্রযান। ইহাদের সাধারণ নাম 'সহজাম্নায়'। ইহারা অতীন্দ্রিয়ের কোন ধারই ধারে না। যে ইন্দ্রিয়গণের সহিত মানুষের উৎপত্তি—যাহা লইয়াই মানুষ—যাহা সহজ—সেই ইন্দ্রিয়ের ভোগ—যত রকমে পার, করিতে থাক, মুক্তি মিলিবেই। আর চাই কি? বীভৎস রস উপভোগের ক্ষমতা রাখেন ত এই সকল তন্ত্র পড়িয়া দেখুন। আপনারা, মালতীমাধব ও প্রবোধচন্দ্রোদয় নাটকে "বৌদ্ধপাষণ্ড" বা এই সময়ের বিকৃত বৌদ্ধ-দিগের বীভৎস কাণ্ড কতক দেখিয়াছেন। তাহাদের কত রকমের তন্ত্র—কত রকমের মন্ত্র—কত রকমের গান—কত রকমের গাথাই যে আছে; বলিয়া পুথি বাড়াইতে চাহি না। শীঘ্রই পূজ্যপাদ মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের বৌদ্ধতন্ত্রগ্রন্থের বিবরণ বাহির হইবে, পড়িয়া দেখিবেন। এখন আমাদের দ্রষ্টব্য, কোন্ দেশে পড়িয়া অনার্য্য-সঙ্গমে তথাগত এরূপ বিকারগ্রস্ত হইলেন।

---

## ৯। বৌদ্ধতন্ত্রের উৎপত্তিস্থান-নির্ণয়

সকলেই জানেন, আর্য্যগণ যে দিক্ দিয়া গিয়াছেন—সে দিকের লোক আর রাখেন নাই; হয় তাহাদিগকে উচ্ছেদ করিয়াছেন, নয় ত তাহাদের স্বতন্ত্রতা একেবারে লোপ করিয়া দিয়া আপনাদের

তল্পীদার করিয়া লইয়াছেন। এই ভাবে তাঁহারা পঞ্চনদ হইতে পূর্ব্বমুখে চলিলেন। "বৈদিক" যুগের শেষে সুদাস নৃপতি গঙ্গার ধার পর্য্যন্ত আসিলেন। গঙ্গা-যমুনার মধ্যদেশে প্রথম রাজা ভরত রাজ্য স্থাপন করিলেন। ক্রমে সমস্ত মধ্যদেশ আর্য্যগণের বসতিতে পূর্ণ হইল—কুরুরাজ্য, পাণ্ডুরাজ্য, শূরসেন ও কোশল প্রভৃতি আর্য্যরাজ্যের নাম শুনা যায়। এ দেশে অনার্য্যগণের নাম-গন্ধ পর্য্যন্ত লোপ পাইল। "বৈদিক যুগের" পর এই গঙ্গাযমুনার দেশই আর্য্যদিগের অনেক দিন ধরিয়া অনেক লীলা দেখিয়াছে। এইখানেই ত তাঁহাদের মধ্যে প্রলয় কাণ্ড ঘটে। গঙ্গাযমুনার সঙ্গমস্থল প্রয়াগের পর গঙ্গার এক ধারে নিষধরাজ্য ও অন্য দিকে কাশী ও বৎসরাজ্য স্থাপিত হয়। এখান হইতেও অনার্য্য-নাম লোপ পাইল। ক্রমে আরও পূর্ব্ব দিকে আর্য্যগণ অগ্রসর হইলেন। ক্রমে শুনা গেল, গঙ্গার উত্তর তীরে বিদেহরাজ্য, তথায় রাজর্ষি জনক ও যাজ্ঞবল্ক্য মধুর তত্ত্বকথা কহিতেছেন। এই জ্ঞান-বিজ্ঞান-পূর্ণ বিদেহরাজ্যের উত্তরাঞ্চলেই শাক্যসিংহের জন্ম। গঙ্গার দক্ষিণ মগধদেশে ভীমের শত্রু জরাসন্ধের রাজ্য। এই অঞ্চলেই বিশ্বামিত্র রাক্ষসদিগের জ্বালায় যাগযজ্ঞ করিতে পারিতেন না বলিয়া রাম-লক্ষ্মণকে লইয়া যান; আশ্রমের পথেই রামচন্দ্র কর্ম্মনাশার তীরে তাড়কা রাক্ষসীকে বধ করেন।

গঙ্গার এই দক্ষিণাঞ্চলে তাঁহারা তখনও দেখিয়াছিলেন এক নিবিড় বন—৭ "ঝিল্লিকাগণ-নাদিত," "ভৈরব-শ্বাপদ-পূর্ণ।" ক্রমে

---

৭। * * *

তীরং দক্ষিণমাসাদ্য জগ্মতুর্ লঘুবিক্রমৌ॥

তাঁহারা আশ্রমে উপস্থিত হইলেন, রামচন্দ্রের বীরত্বে ঋষির যজ্ঞ নির্ব্বিঘ্নে সম্পন্ন হইল, মহাসন্তুষ্ট হইয়া বিশ্বামিত্র রামলক্ষ্মণকে লইয়া মিথিলায় জনক-যজ্ঞে চলিলেন। উত্তরমুখে কিছু দূর আসিয়া তাঁহারা শোণ নদ পাইলেন, শোণের ধারে রাত্রি যাপন করিয়া প্রভাতে পার হইলেন, পার হইয়া মধ্যাহ্নে গঙ্গার ধারে উপস্থিত হইলেন। গঙ্গার উত্তর তীরেই মিথিলা। সেখানে তাঁহারা কি করিলেন, সকলেই জানেন।

হরধনুর্ভঙ্গের পর রামের সীতা লাভ হইল। এইরূপ এ অঞ্চলেও আর্য্যদিগের গতি-বিধির কথা পাওয়া যায়; কিন্তু গঙ্গার দক্ষিণ তটস্থ রাজমহলশৈলমালার পূর্ব্বধারে তাঁহারা একেবারেই প্রবেশ করিতে পারিলেন না। বরং তাঁহারা আরও কিছু কাল পরে

---

স বনং ঘোরসঙ্কাশং দৃষ্ট্বা নৃপবরাত্মজঃ।
অবিপ্রহতমৈক্ষ্বাকঃ পপ্রচ্ছ মুনিপুঙ্গবম্॥
অহো বনমিদং দুর্গং ঝিল্লিকাগণনাদিতম্।
ভৈরবৈঃ শ্বাপদৈঃ পূর্ণং শকুন্তৈর্দারুণারুতৈঃ॥
নানাপ্রকারৈঃ শকুনৈর্বাশ্যদ্ভির্ভৈরবস্বনৈঃ।
সিংহব্যাঘ্রবরাহৈশ্চ বারণৈশ্চোপশোভিতম্॥
*    *    কিং ন্বেতদ্দারুণং বনম্॥
তমুবাচ মহাতেজা বিশ্বামিত্রো মহামুনিঃ।
*    *    *
সেয়ং পন্থানমাবৃত্য বসত্যধ্যর্দ্ধযোজনে।
অতএব চ গন্তব্যং তাটকায়া বনং যতঃ॥
—বাল্মীকিরামায়ণ, বালকাণ্ড, ২৪শ সর্গ।

দক্ষিণে উড়িষ্যার মহানদীর ধার পর্য্যন্ত আসিয়াছিলেন ; কিন্তু পূর্ব্বদিকে আর অগ্রসর হইতেই পারিলেন না।

এ দিকেও সিন্ধু নদ বাহিয়া আর্য্যগণ দক্ষিণে গুজরাট পর্য্যন্ত আসিলেন। কিন্তু বিন্ধ্যাচল তাঁহাদের গতিরোধ করিল। রামায়ণ পড়িয়া বিন্ধ্য পর্ব্বতের দক্ষিণে রাক্ষসদের কথা সকলেই জানেন।

আর্য্যগণ বিন্ধ্যাচলের দক্ষিণের লোকের ন্যায় বাঙ্গলার লোকদেরও মানুষের মধ্যেই গণনা করিতেন না ; তাহাদের ভাষা পাখীর কিচির-মিচির বলিয়া বর্ণনা করিতেন। যাহা হোক, বাঙ্গলার বহু পূর্ব্বে দাক্ষিণাত্যে আর্য্যপ্রভাব বিস্তৃত হইতে থাকে—অগস্ত্যই তাহার মূলাধার ; কিন্তু বাঙ্গলার আর্য্য-ইতিহাস অন্ধকারাচ্ছন্ন। আর্য্য-চক্ষুর অন্তরালে, পৃথিবীর চক্ষুর অন্তরালে, বাঙ্গলায় যে কি হইতেছিল, আজও জানা যায় না। শ্রীহর্ষদেবের সময়, যখন ইউয়েনচাঙ ভারত-ভ্রমণে আসেন—সেই সময়, মাত্র ১৪০০ বৎসর পূর্ব্বে, সর্ব্ব-প্রথম বিদ্যুৎস্ফুরণের ন্যায় চকিতের মত বাঙ্গলায় সামান্য আলোক দেখা গেল—শশাঙ্কদেব তখন কর্ণসুবর্ণের রাজা। তার পর আবার যে আঁধার, সেই আঁধার। শ্রীহর্ষের ১০০ বৎসর পরে আবার বাঙ্গলার কথা শুনা গেল—তখন কুমারিল ও তাঁহার শিষ্যগণ দেশ ব্যাপিয়া ব্রাহ্মণ্যধর্ম্মের তরঙ্গ তুলিয়া দিয়াছেন। তরঙ্গ বাঙ্গলা পর্য্যন্ত পৌঁছিয়াছে। তখন বাঙ্গলায় পঞ্চ ব্রাহ্মণ আসিয়া তাঁহাদের কার্য্য আরম্ভ করিয়া দিয়াছেন।

এই ত হইল বাঙ্গলার অবস্থা। এখন রাশি রাশি তালপাতায় বাঙ্গলা অক্ষরে বাঙ্গলায় বসিয়া লেখা বৌদ্ধপুথির সন্ধান পাওয়া গেল।

আমাদের সোসাইটীতে হাজার বৎসরের পুরাণ একখানি বৌদ্ধতন্ত্রের পুথি আছে। পুথিখানি হরিবর্ম্মদেবের রাজত্বের সময় লেখা হয়। আরও সন্ধান পাওয়া গিয়াছে, ৯০০ বৎসর পূর্ব্বে দীপঙ্কর শ্রীজ্ঞান ও অভয়াকরগুপ্ত প্রভৃতি কত কত বাঙ্গলার বৌদ্ধ পণ্ডিত, তিব্বতে নিজে গিয়া বা মিশন পাঠাইয়া, তিব্বতের ভাষায় বৌদ্ধ গ্রন্থ তর্জ্জমা করিয়া, আজ যে তিব্বতে "Grossly idolatrous Boodhism" চলিতেছে, তাহারই প্রচার করেন; এই সব দেখিয়া শুনিয়া আপনারাই বলুন, কি মনে হয়?

বিন্ধ্যাচলের দক্ষিণাঞ্চলে ভাল করিয়া সন্ধান হয় নাই। সেখানেও, মৃচ্ছকটিক পড়িয়া, কাঞ্চীতে দিঙ্‌নাগের মত পণ্ডিতকে দেখিয়া, মালতীমাধবের কাপালিকদের দেখিয়া ও চালুক্যদের ইতিহাস আলোচনা করিয়া, যথেষ্ট বৌদ্ধপ্রভাবের প্রমাণ পাওয়া যায়। কিন্তু পুথি-পাঁজি না পাওয়া পর্য্যন্ত কোন কথা বলা চলে না।

তাহা হইলে যত দূর জানা যায়, বাঙ্গলা দেশেই অনার্য্য-সঙ্গমে বুদ্ধদেবের চরম অধোগতি হয়। এইখানেই বুদ্ধদেব "নৈরাত্মা দেবীর" সহিত শূন্যে ঝাঁপ দিয়া, করুণায় "দ্রব" হইয়া গেলেন। ক্রমশঃ সনাতন ধর্ম্ম প্রবল হইয়া উঠিয়া তাঁহার দল গ্রাস করিতে লাগিল। সত্য সত্যই এইবার বুদ্ধদেব শূন্য-সাগরে ঝাঁপ দিলেন, তিনি কোথায় মিশিয়া গেলেন, খুঁজিয়া পাওয়া যায় না; কিন্তু তাঁহার করুণা রহিয়া গেল। শূন্যতা করুণাভিন্না—শূন্যতারও শেষ নাই, তাঁহার করুণারও শেষ নাই।

---

## ১০। হিন্দুধর্ম্মের পুনরভ্যুদয়, বৌদ্ধধর্ম্ম লোপ, বৌদ্ধ-সাহিত্যে "ধর্ম্মপূজাবিধানে"র স্থান

ক্রমে ভারত-চিত্তে শ্রীবৃন্দাবনচন্দ্রের করুণামৃতমূর্ত্তি ফুটিয়া উঠিল। রামায়ণের কথা ত সকলেই জানেন। রামায়ণী কথার ন্যায় কৃষ্ণ-কথাও ভারতের অত্যন্ত প্রিয় ছিল। মহাভারতের কৃষ্ণের কথা অধিকাংশই প্রক্ষিপ্ত বলিয়া মনে করিলেও, পতঞ্জলি তাঁহার ভাষ্যে রামায়ণেরই মত কৃষ্ণকথাশ্রিত কোন মহাকাব্য হইতে অনেক উদাহরণ তুলিয়াছেন ৮। পতঞ্জলির ১০০ বৎসর পরে অশ্ব-ঘোষও সৌন্দরনন্দ কাব্যে শক্তি, ঐশ্বর্য্য সকলই অনিত্য দেখাইবার জন্য কৃষ্ণের উদাহরণ দিয়াছেন। এইবার তিনি বৈকুণ্ঠের আভা ছড়াইয়া গোপিকা-বেষ্টিত হইয়া দাঁড়াইলেন। এইরূপে সীতারামের যুগলমূর্ত্তিও মধুর হইতে মধুরতর হইয়া ফুটিয়া উঠিল। হিন্দুতন্ত্রেও দেখা গেল, জগজ্জননী সন্তানের দুঃখে কাতর হইয়া রম্য কৈলাস শিখরে জগৎপিতার সহিত বসিয়া, তাহাদের উদ্ধারের জন্য ভাবিয়া উঠিয়াছেন। আর এ দিকে বরাভয়করা শ্রীকালিকা। এইরূপে যে সিদ্ধ-করুণামন্ত্রে শাক্যসিংহ এক দিন জগৎ জয় করিয়াছিলেন, সেই মন্ত্রে ব্রাহ্মণগণ দীক্ষিত হইয়া নূতন রূপে প্রকাশিত হইলেন; শাক্যসিংহের মন্ত্রেই, তাঁহারা শাক্যসিংহের দুর্ব্বল ছিন্ন-ভিন্ন দল, আবার বশ করিয়া লইলেন।

---

৮। জঘান কংসং কিল বাসুদেবঃ—৩। ২। ১১১ সূত্রের ভাষ্য। অসাধুর্মাতুলে কৃষ্ণঃ—২।৩।৩৬ সূত্রের ভাষ্য। শঙ্কর্ষণদ্বিতীয়স্য বলং কৃষ্ণস্য বর্দ্ধতাং—২।২।২৩ সূত্রের ভাষ্য। ইহা আমার নূতন আবিষ্কার নয়। বহু দিন পূর্ব্বে রামকৃষ্ণ গোপাল ভাণ্ডারকর ইহা দেখাইয়াছেন।

ইতিহাসের গণ্ডীর মধ্যে আসিয়া আমরা দেখি, এই "বৌদ্ধ-পাষণ্ড-দলনে" প্রথম ও প্রধান কর্ম্মী কুমারিল; কুমারিলের পর শঙ্কর। কুমারিলের ও তাঁহার শিষ্যগণের বিষয় পূর্ব্বেই বলিয়াছি। তাঁহার শিষ্যগণের মধ্যেই বাঙ্গলায় পঞ্চ ব্রাহ্মণ। পরে মুসলমানের দল আসিয়া তাঁহাদের কার্য্যে অনেক সহায়তা করিল। মুসলমানের তরবারিতে নালন্দ, বিক্রমশীল, জগদ্দল প্রভৃতি বিহারের বৌদ্ধ যতি ও পুরোহিতগণ ভবলীলা সাঙ্গ করিলেন। এখন তাঁহাদের গৃহস্থ শিষ্যবর্গ যায় কোথা? এইবার বাঙ্গলার তান্ত্রিকের দল—কৃষ্ণানন্দ, পূর্ণানন্দ, তাঁহাদের শিষ্য-প্রশিষ্য, সকলে আসিলেন। বৌদ্ধ গৃহস্থগণ অকূল পাথারে ভাসিতেছিল, তাঁহারা তাহাদিগকে কোলে তুলিয়া লইলেন। তন্ত্রসারে কৃষ্ণানন্দ ত প্রকাশ্যভাবে বৌদ্ধ দেব-দেবীর পূজাপদ্ধতি রচনা করিয়া দিলেন। ৯

ক্রমে রামাই পণ্ডিত ও তাঁহার দলও এই কার্য্যে ব্রতী হইলেন। কেহ বলেন, রামাই ধর্ম্মপালের সময়ের লোক—কেহ বা তাঁহার ছড়াতে মুসলমানদের কথা দেখিয়া বলেন, রামাই মুসলমানদের আসার পর—এই অংশ আবার প্রক্ষিপ্ত বলিয়া উড়াইয়া দেওয়া হইল। আমাদের সে কচ্‌কচিতে কোন দরকার নাই। আমরা কেবল দেখিতেছি, গৌড়ে পঞ্চ ব্রাহ্মণ আসিয়া, তাঁহাদের কার্য্য আরম্ভ করার পর, তা যত দিন পরেই হউক, তাঁহা-দিগেরই কার্য্যে ব্রতী হইয়া, রামাই ও তাঁহার দল, ধর্ম্ম ঠাকুরের পুথি লিখিতে বসিলেন। তাঁহারা অন্য সকল দেবতাই

৯। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের বর্দ্ধমানের অভিভাষণ।

ছাঁটিয়া দিলেন, ত্রিরত্নের দুইটি রত্নও ছাঁটিয়া দিলেন, কেবল ধর্ম্মকে রাখিতে তাঁহাদের কোন আপত্তিই রহিল না। প্রথম প্রথম তাঁহাদের ছড়াগুলি লইয়াই ধর্ম্ম ঠাকুরের পূজা হইত। ক্রমে ধর্ম্মঠাকুরের স্বরূপ একেবারে লোপ করিয়া দিবার জন্য, ব্রাহ্মণদিগের দেব-দেবীর মধ্যে ধর্ম্মঠাকুরকে বসাইয়া, তাঁহার পূজা চলিতে লাগিল। এই চেষ্টার ফলেই আমাদের এই পুথি হইয়াছে। ইহারই অনুকরণে ভোটদেশেও যম, কুবের প্রভৃতি নানা দেব-দেবীর সহিত ঢাক, ঢোল ও শিঙ্গা বাজাইয়া বুদ্ধদেবের পূজা হয়। এইরূপে বুদ্ধদেবের অস্তিত্ব একেবারে লোপ করিয়া দিয়া, ধর্ম্মকে হিন্দুয়ানীর মধ্যে আনিবার জন্য এই চেষ্টা কত দূর সফল হইয়াছে; তাহাও কি আবার বলিতে হইবে?

শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায়

---

# ধর্ম্মপূজা-বিধান

—০:*:০—

## প্রথম খণ্ড

—:*:—

( রঘুনন্দনকৃত )

ওঁ নমো নিরঞ্জনায়।

প্রণম্য সচ্চিদানন্দং গোবিন্দং জগতাং গুরুং।
ধর্ম্মপূজাবিধানঞ্চ বক্তি শ্রীরঘুনন্দনঃ ॥

## তত্র গৃহভরণরূপধর্ম্ম পূজনম্।

ক্রমো যথা ;—

প্রথমত আরম্ভাৎ পূর্ব্বদিবসে দ্বাদশ ভক্তান্ নিরূপ্য ক্ষৌরাদিহবিষ্যং কারয়িত্বা স্বয়ং চ হবিষ্যাশী সংযতস্তিষ্ঠেৎ। পরদিনে উষস্যুত্থায় প্রাতঃকৃত্যাদি বিধায় সদ্বাদশভক্তঃ স্নাত্বা কৃতনিত্যক্রিয়ঃ শ্রীধর্ম্মমন্দিরং গত্বা পাদশৌচাদি বিধায়াদৌ গৃহাভ্যন্তরে ঘটং সংস্থাপ্য গণেশাদীন্ যথাশক্তি

সংপূজ্য ততো বহির্বেদিসংমুখে লক্ষ্মীসহিতগণেশঘটং স্থাপয়েৎ। তৎক্রমঃ ;—

ভূমির্ধান্যং ঘটস্তোয়ং পর্ণং রত্নং ফলং তথা।
গন্ধপুষ্পে চ সিন্দূরং বস্ত্রং স্থৈর্য্যমথাহ্বয়ঃ॥

এবংক্রমেণ ঘটং সংস্থাপ্য সামান্যার্ঘ্যাদি বিধায় গণেশাদীন্ সংপূজয়েৎ। যথা ;—

স্থূলং সিন্দূরবর্ণং গগনঘনঘটাটোপসৌন্দর্য্যরূপং
খর্ব্বং মূষিকবাহনং ত্রিনয়নং নাগোপবীতং শুভম্।
শ্রীমন্মত্তগজেন্দ্রবক্ত্রমমলং দন্তদ্বয়ং কামদং
বন্দে হস্তচতুষ্টয়ং শশিধরং বিঘ্নেশ্বরং সুন্দরম্॥

গণেশায় নমঃ।

আবাহয়াম্যহং দেবং কলসে শুভলক্ষণং।
মুখে রুদ্রঃ স্থিতো যস্য কণ্ঠে বিষ্ণুঃ সনাতনঃ॥
মূলে ব্রহ্মা স্থিতো যস্য ত্রয়ো দেবা ব্যবস্থিতাঃ।
অভ্যন্তরে স্থিতা পৃথ্বী সপ্তদ্বীপাঃ সপর্ব্বতাঃ॥
গঙ্গা চ যমুনা চৈব নর্ম্মদা চ সরস্বতী।
পুণ্যা গোদাবরী সিন্ধুঃ কাবেরী চ পুনঃ পুনঃ॥
নদঃ শোণো বর্ব্বরশ্চ লোহিতাদয় এব চ।
নদ্যো নদাশ্চ তীর্থানি কলসে সুপ্রতিষ্ঠিতাঃ॥

আগচ্ছ ভগবন্ কলস যজ্ঞেঽস্মিন্ সন্নিধীভব।
আবাহয়াম্যহং দেবং গণেশং শিবনন্দনং ॥
গজবক্ত্রং সূর্পকর্ণং দেবং মূষিকবাহনম্।
অবিঘ্নেশং মহাকায়ং সর্ব্বলোকৈকনাথকম্ ॥
তমিমং যজ্ঞসিদ্ধ্যর্থং পার্ব্বতীনন্দনং ভজে ॥

বেদ্যুপরি অষ্টদলপদ্মং কিম্বা ষোড়শদলপদ্মং নির্ম্মায় তদুপরি সিংহাসনং তদুপরি ধর্ম্মস্থাপনম্।

লিখিতমণ্ডলমধ্যে কামিনাং ঈশানকোণে স্থাপয়েৎ। পঞ্চবর্ণগুণ্ডিকায়া মণ্ডলং নির্ম্মায় নানাপাটভক্তমেলকৈশ্চ পঞ্চভক্তমেলনং কুর্য্যাৎ। অথ[1] সর্ব্বেষাং ব্রাহ্মণাদিভক্তানাং ফলতুলসীপুষ্পাদিভিঃ সংকল্পং বিধায়, উত্তরাদিবিহিতেষুং[2]। তত্র ক্রমঃ। ভূমৌ তৎ সিন্দূরং দত্ত্বা স্থাপনং কারয়েৎ সূর্য্যমণ্ডলং। গণপত্যাদিদেবতামধ্যে শ্রীজয়দুর্গাদেবী রক্তোৎপলং স্থাপয়েৎ। তদ্দক্ষিণে কামদেবং শুক্লবর্ণং। বামপার্শ্বে মদনং হরিদ্রাবর্ণং। উত্তরে হনূমন্তং শুক্লবর্ণং। সম্মুখে প্রতীহারং নীলবর্ণং। দক্ষিণপার্শ্বে কামেশ্বরং গৌর-বর্ণং। ঈশানে শ্রীকালিকাং কৃষ্ণবর্ণাং। তদ্দক্ষিণে গগনাক্ষং[3] ধূম্রবর্ণং। তত্র প্রত্যেকং পুষ্পং দদ্যাৎ। কিম্বা উল্লুকে সূর্য্যমণ্ডলং কিম্বা ভূমৌ পঞ্চশস্যানি দত্ত্বা। উল্লুকে সূর্য্যমণ্ডলং সিন্দূরেণ। তত্রোপরি পঞ্চশস্যং। সুবর্ণং ১

---

১ পু য়থা  ২ পু বহিতেষু  ৩ পু গগনাক্ষিং

রৌপ্যং ১ তাম্রং ১ পিত্তলং ১ লৌহং ১ এতে পঞ্চ ॥ পঞ্চ ফল। হরিতকী ১ গুবাক ১ জাতিফল ১ এলাইচ ১ লবঙ্গ ১ এতে পঞ্চ। পঞ্চপল্লব। ন্যগ্রোধ ১ উডুম্বর ১ জম্বু ১ চম্পক ১ পর্কটী ১ এতে পঞ্চ ॥ বৃহদ্বস্ত্রেণাচ্ছাদয়েৎ। তত্র প্রাণপ্রতিষ্ঠাং ব্রাহ্মণেন বিধায়।

আঁ হ্রাঁ ক্রোঁ। যং রং লং বং শং ষং সং হং ক্ষং হং সঃ শ্রীধর্ম্মস্য প্রাণা ইহ প্রাণাঃ। আঁ হ্রীঁ ইত্যাদি শ্রীধর্ম্মস্য জীব ইহ স্থিতঃ। আঁ হ্রীঁ ইত্যাদি। শ্রীধর্ম্ম-সর্ব্বেন্দ্রিয়াণি। আঁ হ্রীঁ ইত্যাদি বাঙ্মনশ্চক্ষুস্ত্বক্শ্রোত্র-ঘ্রাণপ্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা নমঃ। ধোঁ ধর্ম্মস্য প্রাণা ইহাগচ্ছ ইহ তিষ্ঠ।

ইতি ধ্যানং।

ধবলাকারিণং দেবং ধবলসিংহাসনে স্থিতং।
উল্লুকবাহনং ধর্ম্মমিহমাবাহয়াম্যহং ॥

## অথ স্থাপনডাক।

কৈলাস ছাড়িয়া গোসাঞি করহ গমন।
দানপতিকে আশীর্ব্বাদ কর অনুক্ষণ ॥

তুমি সে আইলে গোসাঞি পূজাতে করি ভর।
ঝাঁট করি এই স্থানে পদ্মে কর ভর ॥

কেহ নাঞি করে গোসাঞি সংকল্প আবাহন।
বার ভক্ত্যা বস্যা আছে করিয়া স্মঙরণ॥
ঝাঁট করি আইস ধর্ম্ম দেবের দেবরাজ।
দানপতির বাসনা পূর্ণ সিদ্ধি কর কাজ॥

তবে দেব ধর্ম্মরাজ অনন্ত শয়নে।
রামাঞি মুনির ডাক স্থনিলা সপুনে॥

ত্রস্ত উঠিলা গোসাঞি দেব মায়াধর।
উল্লুক বাহনে আল্যা গম্ভিরা ভিতর॥

রামাঞি ডাকিয়া গোসাঞি কহিলা বচন।
কোন কার্য্যে তুমি মোরে করিলে স্মঙরণ॥
তবেত রামাঞি দ্বিজ চরণে পড়িয়া।
ধর্ম্মকে কহেন কিছু হাসিয়া হাসিয়া॥
বার্ম্মতি গৃহভরণ মানান আছিল।
স্থধিবেন দানপতি বাসনা হইল॥
তবে দেব নারায়ণ স্থনিল কথন।
স্থন স্থন রামাঞি পণ্ডিত ব্রাহ্মণ॥
আমার দুয়ারে দ্বিজ ব্রাহ্মণের মানা নাঞি।
অন্নজল খায়্যাইয়া স্থধাহ তার ঠাঞি॥
ব্রাহ্মণ কেবল তনু ব্রাহ্মণ ঈশ্বর।
ব্রাহ্মণের দুঃখ হল্যে কাঁপি থর থর॥

একেকালে স্থঞা আছি সরিরে ভকতি।
ভৃগুমুনি আস্যা মোকে মাল্য এক নাথি॥
বজ্র সরিরে বড় বাজিল চরণ।
নিশাভাগে কৈলাঙ তার পদসম্বাহন॥
ব্রাহ্মণ সয়নে আছে কিছু নাঞি জানে।
ভৃগুরামের নাথি মুঞি রাখ্যাছি জতনে॥
এই দেখ নিরবধি বক্ষস্থলে আছে।
স্মঙরণ মাত্রেকে আসি থাকি তার কাছে॥
ইহাত জানিঞা মোকে না করিহ ভেদ।
প্রথমেতে বলিদান দিবে মোরে ছেদ॥
মোর নাম করি শূদ্র জত সব খায়।
পিতৃমাতৃ স্বশুর তার ঘোর নরক পায়॥
আম্র দেখিয়া যেন খায় অতিসুখে।
চুসিতে চুসিতে যেন আঠি লাগে বুকে॥
তেমন আমার দ্রব্য লোভেতে মরণ।
সবংশে তাহারে নাশ করিজে নিধন॥
ঘরে ঘরে দেবতা হলুঁ ভক্তি দেখিয়া।
দুই সন্ধ্যা ব্রাহ্মণের নাগ পাবেক বসিয়া॥
চরণে ধরিয়া রামাঞি করি নমস্কার।
উঠ উঠ রামাঞি আমার সংসার॥

ঝাঁট করি সংকল্প করাহ ভক্তগণে।
ধর্ম্মের চরণে রামাঞি মন্ত্র অধ্যয়নে ॥
একে একে ভক্তগণে উত্তরি দিল কাঁন্ধে।
পূর্ণিমা পর্য্যন্ত রহিলেন সবে নির্ব্বন্ধে ॥
রামাঞির বাক্যে বাচা সিদ্ধ হউক।
ধর্ম্মজয় বলিয়া সকল ভক্ত ডাকুক্ ॥
জয় জয় নিরঞ্জন দেব।

ওঁ ধোঁ শ্রীধর্ম্মায় স্বাহা।

কদলিপত্রে অর্ঘ্যমণ্ডলং লিখেৎ সিন্দূরেণ। দুর্গায়া রক্তপুষ্পং। কামদেবস্য কুমুদপুষ্পং ॥ মদনস্য মল্লিকা-পুষ্পং। হনুমতঃ শুক্লকরবীরেণ। কালিকায়া দাড়িম-পুষ্পং গগনাক্ষ্যা লোহিতপুষ্পং। কামিনায়া ওড্রপুষ্পং। ভৈরবস্য অর্কপুষ্পং। শিবস্য বিল্বপুষ্পং। শ্রীকৃষ্ণস্য তুলসীপুষ্পং। দুর্গায়া রঙ্গিণীপুষ্পং। ধর্ম্মস্য পদ্মপুষ্পং ইত্যাদিনা স্থাপয়েৎ। তত্র ক্রমেণ পূজয়েৎ।

কালাগ্নিরুদ্রভট্টারকায় নমঃ।

দক্ষিণাবর্ত্তেন পূজয়েৎ।

বিকটবদনং দেবং স্থূলকায়স্থূলোদরং।
গদাবরদহস্তঞ্চ নন্দিদেবং নমাম্যহং ॥
নন্দিদ্বারপালায় নমঃ।
মহাকায়ং মহাবীর্য্যং মণ্ডলং প্রভবং ভবং।

দৈত্যদর্পবিনাশায় মহাকালং নমাম্যহং ॥

মহাকালায় দ্বারপালায় নমঃ ॥

পূর্ব্বাদিক্রমেণ—

মণ্ডলস্য দ্বারসমীপবাসিভ্যো নমঃ

ভূমিশুদ্ধিং কুর্য্যাৎ।

অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ।
যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া ॥
ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ।
অপসর্পন্তু তে সর্ব্বে ধর্ম্মপূজাং করোম্যহং ॥

ততো গম্ভিরায়াং যজ্ঞং কুর্য্যাৎ। ধর্ম্মযজ্ঞে কুবেরং স্থাপয়েৎ লক্ষ্মীসহিতং। ধর্ম্মসম্মুখে চণ্ডীং পঠেৎ। ইতি স্থাপনক্রমঃ সমাপ্তঃ।

এতে অষ্টৌ (?) ভক্তাঃ। সত্যযুগে ব্রহ্মা, উলূক, নারদ, বসুমতী, দুর্গা, ইন্দ্র, গঙ্গা, এতে সপ্ত। ত্রেতাযুগে বলি, মান্ধাতা, সগর, কার্ত্তিক, কালুঘোষ, বেনুপুর, ভট্টধরাধর এতে সপ্ত। ততো দ্বাপরযুগে রাবণ, ইন্দ্রকুমার, শঙ্খ, শ্রীরাম, গান্ধারি, ভগীরথ, ভাস্কর, পক্ষিরাজ, এতে সপ্ত। কলিযুগস্য কপিলা, নারায়ণ, মণিরাজ ভট্ট, মুণ্ডির ঘোষ, পূর্ব্বদত্ত, ভীষ্মক, কৌস্তুক, বিঘ্নেশ্বর, আসায়া চাণ্ডাল, বরুণ, মগর, মনোরথ পণ্ডিত, পঙ্কসারেঙ্গ, সাধুপুর দত্ত, ধনকুবের ॥ ১৭ ॥

অথ দ্বারপালনামানি। অহক, নর্ত্তক, শঙ্খ, বিভীষণ, পরম যক্ষ (জক্ষ), গন্ধর্ব্ব, জম্ভল, দৈত্যরাজ, পঞ্চবড়ুভক্তাঃ। নাম ফলশ্রুতির্ধর্ম্মাধিকারী॥ উঠ্যাসিনী, পুষ্পবড়ু, পাত্র বড়ু, দেউল মহারাণা, বৃদ্ধমহারাণা, কোঙর শাঞি দুবরাজ, শ্রীমহাসাঙ্গই, ধূলিসাপট, মেলিপাত্র, শান্তিবিগ্রহী, দ্বা(হা)র-পালক, লাঠিপাত্র, ভাণ্ডারী, বালাসিনী, মুখ্যভক্তাঃ, ধূপপাত্র, বাসহরি, পাটসাঙ্গই, দণ্ডসাঙ্গই, তাম্বূলপাত্র, ভাণ্ডারি কায়েস্ত, পাটসাঙ্গই, পাহুড় সাঙ্গই, দেয়াসিনী, হনুমান্, পড়ুসাঙ্গই, গন্ধপাত্র, আলঙ্গসাঙ্গই, ধাড়িগণ, বাহ্যপূরক, পাত্র হনুমান্ দক্ষিণে, পূর্ব্বে ডামরসা, মদন-কামদেব উত্তরে, কাম পশ্চিমে।

ন লংঘয়ে [ৎ] গোপিসূত্রং শ্রীমনেন প্রদক্ষিণে।
লংঘয়েৎ বাড়দা বিপ্রঃ সাপ্তজ্যাবিকলা ভবেৎ॥ (?)
পবিত্রং ভূমি সর্ব্বত্র যথা গঙ্গাজলং দ্বিজ।
তথা পবিত্রং সর্ব্বত্র তদর্থং পাপনাশনং॥

বাসুল্যাঃ পুষ্পং লোহিতং কপোলং পুষ্পং তুলসীং স্থাপয়েৎ। বামেশ্বরীং চণ্ডীং সুগন্ধং দত্ত্বা অপরাজিতাপুষ্পেণ স্থাপয়েৎ। কামদেবং সুগন্ধিপুষ্পেণ স্থাপয়েৎ। পাত্রত্রয়;—মাধব, বাসুলি, হনুমান—পুষ্প চাম্পা, ভোঁচা, তুলসী। ডামর শাঞির পুষ্প তিলপুষ্প বেণ। সোঁকার পুষ্প ফল।

তুলসী, জগডম্বুর, কুন্দ॥ পড্যারের ফলং কদলি, পুষ্প বোর্ণ্ণাশুদ্ধি॥ ব্রহ্মার ফল ধান্য পুষ্প তুলসী॥

অথ প্রণাম। আদৌ ধর্ম্মাধিকারী।

নারদমুনেঃ পুষ্পং শ্বেতপদ্মং, ফলং নারিকেলং॥ আসন চতুর্দ্দশ মুদ্রা দ্বাদশ দ্বাদশ সভে হন্যু প্রণাম॥ ১০০॥

উঠ্যাসিনী কোঙরঋষির পুষ্প লোহিতপদ্ম, ফল গুবাক, বেদাসন, প্রতিষ্ঠামুদ্রাদক্ষিণস্থানে প্রণাম॥ ৯০॥

পুষ্প বটু, ভৃগুপতি ঋষি, পুষ্প তুলসী, ফল পলাস, বেদাসন, পুষ্পাঞ্জলীমুদ্রাস্থানে প্রণাম॥ ৮৫॥

পাত্র বটু, অনন্তঋষি, পুষ্প শ্রীফলপত্র, ফল জগডম্বুর, একপাদ আসন, ধেনুমুদ্রাস্থানে প্রণাম। ৭৮॥

ভোগবটু ব্রহ্মা, ভৃগুমুনি ঋষি, পুষ্প মালতী, ফল জগ-ডম্বুর, বেদাসন, সংকটমুদ্রাস্থানে প্রণাম॥ ৮০॥

দেউল মহারাণা, রাবণরাজা, পুষ্প ভোঁচা, ফল শ্রীফল, পদ্মাসন, শূলমুদ্রাস্থানে প্রণাম॥ ৬৮॥

বৃদ্ধ মহারাণা ঈশ্বর, পুষ্প ধুস্তুর, ফল হরীতকী, পদ্মাসন, যোনিমুদ্রাস্থানে প্রণাম॥ ৮৫॥

কোঙর সাঙ্গই মহারাণা ডুবরাজ, পুষ্প শ্বেতপদ্ম, ফল নারিকেল, পদ্মাসন, যোনিমুদ্রাস্থানে প্রণাম॥ ৭৮॥

শ্রীমহাসাঙ্গই শোময়ালিঙ্গ, পুষ্প নাগেশ্বর, ফুল জাতী, যোনিমুদ্রাস্থানে প্রণাম॥ ১৫॥

ধূলিসাপট কুম্ভকর্ণ, পুষ্প লোহিত করুণা, ফল এলাইচ,

ত্রিশূলমুদ্রা, একপাদ আসন, রাদিত্য (আদিত্য?) মুদ্রাস্থানে প্রণাম ॥ ৬০ ॥

ততঃ শান্তিবিগ্রহে বিষ্ণু, পুষ্প তুলসী, ফল গুবাক, যোগাসনস্থানে প্রণাম ॥ ৬০ ॥

দ্বারপাল যম, পুষ্প বাসক, ফল জাম্বু, স্থান গর্জ্জনদ্বারে প্রণাম ॥ ৫০ ॥

লাঠিপাত্র সঙ্কর, পুষ্প বকুল, ফল 'আম্র নারিকেল, মুদ্রা অঙ্কুশস্থানে প্রণাম ॥ ৫৫ ॥

ভাণ্ডারি ধনদ কুবের, পুষ্প বাঘ সাঁটা, ফল নারিকেল, ধেনুমুদ্রাস্থানে প্রণাম ॥ ৪৮ ॥

বালা মণিকেশব, পুষ্প বালা, ফল কদলি, বিদিতমুদ্রা-স্থানে প্রণাম ॥ ৩৫ ॥

মুখ্যভক্ত্যা কপিলা, পুষ্প পারুলি, ফল হরীতকী, গোশঙ্খমুদ্রাস্থানে প্রণাম ॥ ৩৭ ॥

ধূপপাত্র বাইতি, পুষ্প বৃহস্পতি, ফল শুক্লধান্য, বিকৃতিমুদ্রাস্থানে প্রণাম ॥ ২৯ ॥

বাসহরিপাট শ্রীশ্রীরামচন্দ্র, পুষ্প বকুল, ফল গুবাক, মুদ্রা সমস্তস্থানে প্রণাম ॥ ২৫ ॥

পাটসাঙ্গই লাউশেন, পুষ্প শ্বেত ওড়্র, ফল চাঁপাকলা, হাস্যমুদ্রাস্থানে প্রণাম ॥ ২৯ ॥

দণ্ডসাঙ্গই ইন্দ্র, পুষ্প সরিসা, ফল কদলি, পুষ্পাঞ্জলি-মুদ্রাস্থানে প্রণাম ॥ ২৫ ॥

তাম্বূলপাত্র ছায়া, পুষ্প সেপতি, ফল মেঘড়া, যোনি-মুদ্রাস্থানে প্রণাম ॥ ২৫ ॥

ভাণ্ডারী কায়েস্ত শঙ্কর, পুষ্প মালতী, ফল খর্জ্জুর, পণ্ডিত মুদ্রাস্থানে প্রণাম ॥ ২৪ ॥

পাটসাঙ্গই রাবণরাজা, পুষ্প রক্তোৎপল, ফল ধাত্রী, অমৃত অঙ্গুষ্ঠমুদ্রাস্থানে প্রণাম ॥ ২৩ ॥

পাহুড়শাঙ্গই মুণ্ডির ঘোষ, পুষ্প মালতী, ফল হরীতকী, যোনিমুদ্রাস্থানে প্রণাম ॥ ২৭ ॥

দেয়াসিনি বাদা, পুষ্প জাম্বুপত্র, ফল চাঁপাকলা, শ্বেত-মসূর, বেদাসনস্থানে প্রণাম ॥ ১৫ ॥

হনুমান, পুষ্প ভোঁচা, ফল জাম্বু, একপাদাসনে, হস্ত-মুদ্রাস্থানে প্রণাম ॥ ১১ ॥

পড়া সাঙ্গই রাবণদণ্ড, পুষ্প ওড্র, ফল তাল, মুটকী-মুদ্রাস্থানে প্রণাম ॥ ১০ ॥

গন্ধপাত্র রামদাস, পুষ্প কুডচী, ফল ফুটী, বিদিত-মুদ্রাস্থানে প্রণাম ॥ ১২ ॥

আলঙ্গ আলঙ্গ সাঙ্গই চন্দ্র, পুষ্প সেবতী, ফল পলাস, ধান্য মুদ্রাস্থানে প্রণাম ॥ ১৫ ॥

ধাড়িগণ সুন্দররায়, পুষ্প বালা আওলা, আসনমুদ্রা-স্থানে প্রণাম ॥ ৫ ॥

বাছ্য পুরক বাদা, পুষ্প সিউলি, ফল ফুটী, মুদ্রাসন-স্থানে প্রণাম ॥ ৭ ॥

শতপ্রণামং সমাপ্য ॥ সত্যযুগে শ্বেতপণ্ডিত। ত্রেতাযুগে নীলপণ্ডিত। দ্বাপরে কংসারি পণ্ডিত। কলিযুগে রামাঞি পণ্ডিত।

বৌস আমিনি সত্যযুগে। বিএ আমিনি ত্রেতাযুগে। গঙ্গা আমিনি দ্বাপর যুগে। দুর্গা আমিনি কলিযুগে ॥

সত্যে চন্দ্র কোটাল। ত্রেতায়ে হনুমান কোটাল। দ্বাপরে সূর্য্য কোটাল। কলিযুগে গরুড় কোটাল ॥

চারি দ্বারি ॥ অহক। নত্বক। সংখরি। ভীষণ। এই চারি দ্বারি ॥

ইতি স্থাপনবিধিঃ সমাপ্তঃ ॥

---

## অথ ধর্ম্মপূজাবিধির্লিখ্যতে।

ততশ্ছায়ামণ্ডপং গোময়েনোপলিপ্য প্রাঙ্মুখ উপবিশ্য আচমনং কৃত্বা শিখাবন্ধনং কুর্য্যাৎ।

ওঁ মাধবো মাধবো বাচি মাধবো মাধবো হৃদি।
স্মরন্তি সাধবঃ সর্ব্বে সর্ব্বকার্য্যেষু মাধবম্ ॥
ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপা।
পবনো দিক্‌পতির্ভূমিরাকাশং খচরামরা [ঃ] ॥
ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিং ॥

আদৌ দ্বারপূজাং কুর্য্যাৎ।

দ্বাং দ্বারশ্রিয়ৈ নমঃ, ঊর্দ্ধে ব্রহ্মণে নমঃ, অধো অনন্তায় নমঃ, সাক্ষ্যাতে শ্রীশ্রীধর্ম্মায় নমঃ।

ইতি দ্বারপূজা ॥

ততঃ স্বস্তিবাচনং কুর্য্যাৎ।

কর্ত্তব্যেঽস্মিন্ দ্বাদশদিবসীয়শ্রীধর্ম্মদেবগৃহভরণ-মহোৎসবকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইতি ত্রিরুক্তে ওঁ পুণ্যাহং ইতি ত্রির্ব্বদেয়ুঃ।

কর্ত্তব্যেঽস্মিন্ দ্বাদশদিবসীয়শ্রীধর্ম্মদেবগৃহভরণ-মহোৎসবকর্ম্মণি ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু ইতি ত্রিরুক্তে ওঁ স্বস্তি ইতি ত্রির্ব্বদেয়ুঃ।

কর্ত্তব্যেঽস্মিন্ দ্বাদশদিবসীয়শ্রীধর্ম্মদেবগৃহভরণ-মহোৎসবকর্ম্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু ইতি ত্রিরুক্তে ওঁ ঋদ্ধ্যতাম্ ইতি ত্রির্ব্বদেয়ুঃ।

ওঁ পুণ্যাহং ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যোরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি। অয়মারম্ভঃ শুভায় ভবতু।

ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ।
যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া ॥
ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ।
অপসর্পন্তু তে সর্ব্বে ধর্ম্মপূজাং করোম্যহং ॥

তত আসনশুদ্ধিং কুর্য্যাৎ।

আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠ ঋষিঃ সুতলং ছন্দঃ শ্রীকূর্ম্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ।

ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা।
ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রমাসনং কুরু ॥

আধারশক্তয়ে কমলাস(শ)নায় নমঃ। শ্রীকূ(কু)র্ম্মায় নমঃ। রত্নসিংহাসনায় নমঃ। মণিমণ্ডপায় নমঃ।

আতপং নীত্বা—

বামে গুরুভ্যো নমঃ, দক্ষিণে গং গণপতয়ে নমঃ, ঊ(উ)র্দ্ধে ব্রহ্মণে নমঃ, অধো অনন্তায় নমঃ, সম্মুখে শ্রীশ্রীধর্ম্মায় নমঃ ॥

ততো ভূতশুদ্ধিং কুর্য্যাৎ। পুষ্পং নীত্বা পঠেৎ,—

পঞ্চাশল্লিপিভির্বিভক্তমুখদো[ঃ]পন্মধ্যবক্ষ[ঃ]স্থলাং
ভাস্বন্মৌলিনিবদ্ধচন্দ্রশ(স)কলামাপীনতুঙ্গস্তনীং।
মুদ্রামক্ষগুণং সুধাঢ্যকলসং বিদ্যাঞ্চ হস্তাম্বুজৈ-
র্বিভ্রাণাং বিশদপ্রভাং ত্রিনয়নাং বাগ্‌দেবতামাশ্রয়ে ॥
আত্মতত্ত্বায় নমঃ, বিদ্যাতত্ত্বায় নমঃ, শিবতত্ত্বায় নমঃ।

হস্তং প্রক্ষাল্য আতপং নীত্বা পঠেৎ,—

অং ললাটে, আং বদনত্তৌ, ইং ঈং নেত্রয়ো[ঃ], উঁ ঊঁ কর্ণয়োঃ, ঋঁ ৠঁ ৯ঁ গণ্ডয়ো[ঃ], ওঁ ঊর্দ্ধ(উর্দ্ধ)-দন্তপঙ্‌ক্তৌ, ওঁ অধোদন্তপঙ্‌ক্তৌ, অং শিরসি, অঃ জিহ্বায়াং, অ তালুনি অস্ত্রায় ফট্।

তালত্রয়ং। ভূতশুদ্ধিঃ॥ করাঙ্গন্যাসৌ কুর্য্যাৎ।

কং খং গং ঘং ঙং—অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। চং ছং

জং ঝং ঞং তর্জ্জনীভ্যাং নমঃ। টং ঠং ডং ঢং ণং মধ্যমাভ্যাং নমঃ। তং থং দং ধং নং অনামিকাভ্যাং নমঃ। পং ফং বং ভং মং কনিষ্ঠাভ্যাং নমঃ। যং রং লং বং শং ষং সং হং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যাং নমঃ।

বক্ষসি হস্তং দত্ত্বা পঠেৎ,—

স্বরাপানহৃদা যুক্তং গুরুতল্পকটিদ্বয়ং।
তৎসংযোগিপদদ্বন্দ্ব[ং] অঙ্গপ্রত্যঙ্গপাতকং॥
উপপাতকরোমাণং রক্ত(ক্ত)শ্মশ্রুবিলোচনং।
খড়গচর্ম্মধরং কৃষ্ণং কুক্ষৌ পাপং বিচিন্তয়েৎ॥

হস্তৌ প্রক্ষাল্য অর্ঘ্যস্থাপনং কুর্য্যাৎ। ত্রিকোণমণ্ডপং কৃত্বা তদুপরি পুষ্পং দত্ত্বা, বং বহ্নয়ে নমঃ, বহ্নি-মণ্ডলায় নমঃ। তদুপরি বাক্যপাত্রং স্থাপয়েৎ। তত্র পুষ্পং দত্ত্বা—

সোমায় নমঃ। সোমমণ্ডলায় নমঃ। সোমস্য ষোড়শকলাভ্যো নমঃ।

তত্র জলং দদ্যাৎ।

শঙ্খ স্বং (ত্বং) শঙ্খ পুণ্যানাং মঙ্গলানাঞ্চ মঙ্গলম্।
বিষ্ণুনা বিধৃতো নিত্যং শিবশান্তিপ্রদো ভব॥

ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্ম্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥

তত্র জলং ত্রিভাগং দত্ত্বা ত্রিভাগজলেন সংপূজ্য ইতি মন্ত্রেণ (?) জলং দদ্যাৎ। অঙ্কুশমুদ্রাং তত্র প্রদর্শ্য সর্ব্বগঙ্গাজলমানীয় তত্র শঙ্খমুদ্রাং কিম্বা মৎস্যমুদ্রাং বিধায় প্রকৃতগায়ত্রীং জপেদ্বিপ্রঃ। শূদ্রস্য মূলমন্ত্রং। তজ্জলং ( তজ্জলেন ? ) সর্ব্বাণি দ্রব্যাণি প্রোক্ষয়েৎ।

আতপং নীত্বা পঠেৎ,—

আধারে লিঙ্গনাভৌ হৃদয়সরসিজে তালুমূলে ললাটে
দ্বে পত্রে ষোড়শারে দ্বিদশদশদলে দ্বাদশার্দ্ধে চতুষ্কে।
বাসান্তে বালমধ্যে ডফকঠসহিতে কণ্ঠদেশে স্ব(স্ব)রাণাং
হং ক্ষং তত্ত্বার্থযুক্তং সকলদলগতং বর্ণরূপং নমামি॥

বাক্যপাত্রে হস্তং দদ্যাৎ। সংকল্পং কুর্য্যাৎ,—

শ্রীবিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি শুক্লে পক্ষে তৃতীয়ায়াস্তিথাবারভ্য পূর্ব্বাঙ্গাকৃতদ্বাদশাদিবসীয়গৃহভরণ-ধারশো(সো)ধনকর্ম্মণি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীশ্রীধর্ম্মপ্রীতিকাম [ঃ] ধর্ম্মদেবপূজন অমুকবিরচিত-ধর্ম্মপুরাণোক্তধর্ম্মদেবসংগীতগানবাদ্যনৃত্যাদিভির্দ্বাদশ - দ্দিবসীয়ধর্ম্মদেবগৃহভরণমহোৎসবমহং করিষ্যে ওঁ কুরুষ (স্ব), ইতি প্রোক্তং, বিপ্রেণোক্তং।

ওঁ যজ্জাগ্রতো দূরমুপৈতি শীঘ্রং তদু সুপ্তস্য তথৈবৈতি দূরং গমং জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মন[ঃ] শিবসঙ্কল্পমস্তু॥ ওঁ অস্তু ॥

ততো বরণং কুর্যাৎ। আদৌ শ্রীশ্রীধর্ম্মদেবস্য, ততো গুরোঃ, ততো গ্রামাধ্যক্ষস্য, দিক্‌পতেঃ করিকুলস্য, ততো ধর্ম্মাধিকারিণঃ। ততঃ কৃতাঞ্জলিঃ,—

ওঁ সাধু ভবানাস্তাং, ওঁ সাধ্ব[হ]মাসে। ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তং, ওঁ অর্চ্চয়।

পাদ্যার্ঘাচমনীয়গন্ধপুষ্পমাল্যাঙ্গুরীয়কবস্ত্রতাম্বূলযজ্ঞোপবীতানি গুবাকং চ দত্ত্বা জানুং ধৃত্বা—

ওঁ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা পূর্ব্বাঙ্গীকৃতদ্বাদশদিবসীয়গৃহভরণকর্ম্মণি ধর্ম্মপূজাকরণায় ধর্ম্মাধিকারিত্বেন অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণমেভিঃ পাদ্যাদিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে। ওঁ বৃতোস্মি। ওঁ যথাবিহিতং বৃতকর্ম্ম কুরু। ওঁ যথাজ্ঞানং করবাণি(ন)।

এবং ভোগবটুত্বেন। ততো বিপ্রগণ (?)।

গায়নবরণং যথা ;—পূর্ব্ববৎ ওঁ সাধু ভবান্ ইত্যাদি। শ্রীশ্রীধর্ম্মদেবপুরতো বাদ্যনৃত্যঅমুকরচিতধর্ম্মপুরাণোক্ত-

ধর্ম্মসংগীতগানকর্ম্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুক দেবশর্ম্মাণং ভবন্তমহং বৃণে। ওঁ বৃতোঽস্মি ইত্যাদি।

ততো গ্রহবিপ্রঃ গুরুপণ্ডিত রাজপণ্ডিতঃ দেউল্যা সন্ন্যাসী পাটভক্তা দণ্ডসাঙ্গই কোটাল গন্ধপাত্রঃ পুষ্পবটুঃ জলসাপুট ক্ষীরপাত্রঃ হবিঃপাত্রঃ চামরঢুলান ভাণ্ডার-নেউকী ১২, ভাণ্ডারী চ। বাক্যে তু বিশেষঃ।

ওঁ সাবধো ভবন্ত আসতাং। নমঃ সাধ্বহমাসে। ওঁ অর্চ্চয়িষ্যামো ভবতঃ। নমোঽর্চ্চয়। সর্ব্বভক্তান্ গন্ধবস্ত্রাদিভির্ভূষয়িত্বা কৃতাঞ্জলির্বদেৎ।

ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা পূর্ব্বাঙ্গীকৃত-দ্বাদশদিবসায়-গৃহভরণকর্ম্মণি গণেশাদি-শ্রীশ্রীধর্ম্মদেবপূজনাদিকর্ম্মকরণায় অমুকাদিগোত্রান্ শ্রীঅমুকদাসাদিযথানামধেয়ান্ সন্ন্যা(ন্যা)সাদিদ্বাদশ-ভক্তান্ ভবতোঽহং বৃণে। নমো বৃতোস্মি সর্ব্বৈ-রিত্যুক্তং। ওঁ যথাবিহিতানি বৃতকর্ম্মাণি কুরু। নমো যথাজ্ঞানং করবাণি।

ততো বাজেদিগর জাকে ইচ্ছা তাহাকে বরণ করিবেন।

তত উত্তরী[য়] ধারণম্। মন্ত্রং পঠেৎ যথা ;—

দেবদেবো মহাদেবঃ শিবস্ত্রৈলোক্যপূজিতঃ।
তস্য পূজাবিধিং কৃত্বা সোত্তরা দায়তে দ্বিজৈঃ॥

দেবদেবস্য আজ্ঞায়ৈ নির্ম্মিতা বিশ্বকর্ম্মণা।
পিতৃদেবস্য কার্য্যেষু সোত্তরী ধ্রিয়তে ময়া ॥

বেত্রধারণমন্ত্র ;—

সমুদ্রস্য কুলে দেব্যা দেবঃ ক্রীড়তি সর্ব্বদা।
ভূমৌ বিন্দুঃ পতংস্তত্র বেত্রবৃক্ষসমুদ্ভবঃ ॥
ক্রমে তিষ্ঠন্তি বেত্রে চ ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।
মূলমধ্যাগ্র এবাত্র নাঠীপাত্র ইতি স্মৃতঃ ॥
পরমার্থেঽকৃতাত্মানং পুণ্যতীর্থে স্বয়ং পিতা।
নিজগোত্রং পরিত্যজ্য সঙ্কল্পাব্রতসঙ্কমে (?) ॥
গৃহচিন্তাং পরিত্যজ্য দেবকর্ম্ম সুচিন্তয়েৎ।
পূজাভক্তিবিধানেন সংন্যাসং ব্রতসঙ্কটাৎ ॥
একতো হি দ্বয়ং দেব মলমূত্রৈর্বিমুচ্যতে।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ সুরলোকং স গচ্ছতি ॥

নিত্যপূজাবিধিঃ। সঙ্কল্পং কুর্য্যাৎ। বাক্যপাত্রে হস্তং দত্ত্বা পঠেৎ,—

শ্রীবিষ্ণুরোঁ তৎসদদ্যামুকে মাসি অমুকপক্ষেঽমুক-তিথৌ শ্রীশ্রীনিরঞ্জনভট্টারকচরণসরোজসন্নিধৌ অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সদারাপত্যঃ ধনধান্যপুত্র-পৌত্রাদ্যবিচ্ছিন্নহেতবে বার্ম্মতিগৃহভরণপূর্ব্বাঙ্গীকৃত-ধারশো(সো)ধনার্থং কাশ্যপগোত্রাণাং সমস্তভক্তমেল-

কানাং ছায়াসংজ্ঞাসহিতানাং দ্বিজসজ্জনানাং মেলকৈঃ সহ গণপত্যাদি শ্রীকামিনাদেবীপূজাপূর্ব্বকং শ্রীশ্রীধর্ম্ম-ভট্টারকপূজনমহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য।

যেন কর্ম্মাণ্যপহসো মনীষিণো যজ্ঞে কৃণবন্তি বিদথেষু ধীরাঃ। যদপূর্ব্বং যক্ষমন্তঃ প্রজানাং তন্মে মনঃ শিবসঙ্কল্পমস্তু ॥

অথ টীকাপাবন,—

ওঁকার শব্দে পণ্ডিত বেদ
তুমি জল তুমি স্থল তুমি রাত্রি দিবা ।
চন্দ্র সূর্য্য পবন্ তুমি দেবি দেবা ॥
গআ গঙ্গা বারাণসি শাগর জংগম ।
ব্রহ্মাণ্ডে আছয়ে জত তুমি যে কারন্ ॥

উল্লুক বলেন স্থন পুণ মহাশয়।
তুমাতে আছয়ে জল কহিলুঁ নিশ্চয়॥
ইচ্ছা আছে জদি মোর বাঁচাতে জিবন।
মুখের অমৃত দেহ করি যে ভক্ষন্॥
পক্ষ বানি পরাৎপর স্থন্যা মহাস্থখে।
মুখের অমৃত দিলা উল্লুকের মুখে॥
ভক্ষন্ করিতে কিছু হইল গলিত।
সন্যময় সব হল্যা জলে আপ্লাবিত॥
পক্ষ সঙ্গে ভূবনেতে ভাসেন গোশাঞি।
আশ্বাস করিতে উপলক্ষ কিছু নাঞি॥
বারিতে পাইয়া ব্যোম বলেন্ উল্লুক।
বিষম বারি যে বাপা বড় পাই দুখ॥
প্রমাদ পয়ের পাকে পাতালেতে জাই।
সৃষ্টে মন্ দেহ প্রভু তবে প্রাণ পাই॥
পক্ষের পাসেতে পরাৎপর পায়্যা ভেদ।
মৎসরুপে উর্দ্ধার করিলা চারি বেদ॥
ধর্ম্মপদ সরসিজে করি অভিলাস।
রামাঞি পণ্ডিত আদ্য করিল প্রকাস॥ ৩॥

মিন অবতার হয়্যা চারি বেদ উর্দ্ধারিয়্যা
সয়ম্ভু শদনে দিলে আনি।

হয়্যা কুর্ম্ম জগর্ন্নাথে অবনি ধরিলে মাথে
তুমি প্রভূ দেব চক্রপাণি ॥
বরাহ রুপেতে সারা খিতি কৈলে বসুন্ধরা
নিরাণন্দে নিরয়ে ঠাকুর।
নরশিংহ রুপ ধরি হিরণ্য কস্যপ মারি
প্রল্লাদের দুষ্‌খ কৈলে দুর ॥
হইয়া বায়ন্‌ রুপে ভূলাইলে বলি ভূপে
অধ ভূবনেতে দিলে ঠাঞি।
ভাবূকালি কর্য়া সার ধরাদান নিলে তার
দ্বিজরুপে আপনি গোসাঞি।
হয়্যা ভৃগুরাম বিরে পরুষ নঞিঞা করে
নিখেত্রি করিলে কতবার।
ভায়্যা বলরাম হয়্যা মুষল করেতে নয়্যা
অসুরের ক[রি]লে সংহার ॥
হয়্যা দশরথ সুত রাবিনে কোরিলে হত
সাগর বাঁধিলে অবহেলে।
সঙ্গে লঞা কোপিগন্‌ দূর্য্যয় করিয়া রন্‌
জনকদুহিতা উর্দ্ধারিলে ॥
নবম মূর্ত্তেতে হরি জগন্নাথ নাম ধরি
জলধির তিরে কৈলা বাস।

প্রশাদ কোরিয়া দান্ নরে লিলে সন্নিধান্
সমনের করিলে নৈরাস ॥
কোল্কি অবতার সার চারি বর্ন্ন অেকাকার
ধর্ম্মপথ হইবেক দুর ।
বিধিরুপে সৃষ্টি করি বিষ্ণুতে পালন করি
রুদ্ররুপে আপনি ঠাকুর ॥
প্রথমেতে নিরাকার হয়্যা মিন অবতার
মহাল্ল্যবে বেদ উর্দ্ধারিলে ।
বিস্তার করিতে অতি কর্ম্মরূপে জুগপতি
মস্তকেতে অবনি ধরিলে ॥
সঙ্খ চক্র গদা ধরি বরাহ রুপেতে হরি
দন্তে মোহি কর্য়া উর্দ্ধারন্ ।
হয়্যা নরশিংহরুপ বোধ্যে হিরণাক্ষ ভুপ
ভক্ত দুষ্খ কৈলে বিমোচন ॥
বটু ব্রহ্মদণ্ড ধরি বোলি রশাতল পুরি
মায়া পাতি নঞিলে তাহারে ।
তিন সপ্ত খেত্রিগণে বিনাস করিলে রণে
ভৃগুপতি পরুশের ধারে ॥
দশরথ সুত হয়্যা দসাননে সংহারিয়্যা
শিতা দেবি করিলে উর্দ্ধার ।

অশুরে বিনাস করি নাঙ্গল মুষল ধরি
বলভদ্ররূপে করতার ॥
জলধির তিরে স্থান বোদ্দরুপে ভগবান্
হয়্যা তুমি কৃপাবলোকন।
প্রশাদ করেতে দিয়্যা নরে শন্নিধান্ লিয়্যা
কৈলে তুমি নৈরাস সমন ॥
হবে কল্কিরুপ হয়্যা ম্লেচ্ছরুপে শংহারিয়্যা
পুণঃ স্মৃষ্টি করিবে স্বজন।
রামাঞিঃ পণ্ডিত ভনে এ কথা জে জন স্থনে
তারে বর দেন নিরঞ্জন ॥

---

উর্ম্ম কুর্ম্ম না ছিল জে মেদিনী আকাস।
দিবা নিষি নাঞিঃ ছিল গতি ভাতি ভাস ॥
চন্দ্র সূর্য্য না ছিল না ছিল জে পাতাল।
উৎপতি না ছিল না ছিল জমকাল ॥
তেকনা পৃথিবী না ছিল সকল ধুন্দকার ॥
তেকনা পৃথিবী না ছিল সকল ধুন্দময়।
ধুন্দকার উপরে প্রভূ মায়াবিন্মু রয় ॥
ধূন্দুকার উপরে রহিলা মায়াবিন্মু।
তথি ভর করিল ধর্ম্ম অনাদি সিন্তু ॥

বিম্বুর উপরে ধর্ম্ম পাতিলেন মায়া
আপ শ্রিজন্ কৈল্য আপণার কায়া ॥
হস্ত প াখ মুখ নির্ম্মাল্য আপণি।
আপনার কলেবরে ধর্ম্ম আপণি সে দেখি ॥
বৃদ্ধ হল্য বিম্বুক সহিতে নারে ভর।
বিম্বু ছাড়ি পড়িলেন প্রভু সর্ন্যের উপর
আখি পালটিয়া প্রভূ চতুদ্দিগে চান।
সকলি জে ধুন্দকার দেখিবারে পান ॥
ক্রোধিত হইয়া প্রভূ ছাড়িলেন হাই।
তথি জর্ম্মিলেন দেখ পক্ষ উল্লুকাই ॥
জর্ম্মিয়া উল্লুক পক্ষ পালাইয়্যা জায়।
কথার কারণে ধর্ম্ম ডাকিয়া রহায় ॥
হিরূ আস্য উল্লুক তোমায় করিব বাহন্।
উল্লুকের পৃষ্ঠেতে বসিলা নিরঞ্জন ॥
উল্লুক ধরিয়া বলে নিরঞ্জনের পায়।
জিবন সংশয় গোশাঞি আহার জল চাই ॥
কারে বল জল উল্লুক কারে বল স্থল।
অে ভব সংশারে নাঞি জলের সঞ্চম ॥
তুমি নিরঞ্জন বট আমি ভাল জানি।
মুখের অমৃত দিয়া রাখহ পরাণি ॥

এ বোল স্থনিঞা ধর্ম্ম হাসিতে নাগিল।
হাসিতে হাসিতে মুখের অম্তি খসিল ॥
তিল প্রমান্ অমৃত উল্লুকের মুখে দিল।
কিছু উল্লুক খাল্য কিছু সন্যেতে পড়িল ॥
সর্ব্ব শৃষ্টি জলে তখন উছলিতে নাগিল।
জলে ভরে মহাপ্রভু ভাসিতে লাগিল ॥
উল্লুকের পৃষ্ঠে গোশাঞি বোশিলেন ধেয়ানে।
চোদ্য চৌজুগ গেল গোসাঞি ব্রহ্ম গিয়ানে ॥
অষ্টলাগ শ্রিজিল গোশাঞি সহস্তেক মাথা।
তবে হৈল্য মহাপ্রভু কনক পইতা ॥
কনক পইতা গোশাঞি ব্রাহ্মণে দিল।
মালা তিলক লঞা গোশা ভক্ত জনে দিল ॥
উর্ম্মল বস্ত্র গোশাঞি জং সন্যাসে দিল।
নবগুন পইতা গোশাঞি ব্রাহ্মণে দিল ॥
আদ্দি সাস্ত ক্রিয়া সার।
লেয় পুষ্প জল অনাদ্দি করতার ॥
সন্ন্যমুত্তি নিরঞ্জনায় নমঃ ॥

## আগমের নিন্নয়।

উল্লুক বলেন্ গোশাঞিঃ কহ সন্ধি বিচার।
এই প্রিথিবির মদ্ধে কেবা করতার॥
কে সে কর্ম্ম।
কে [চ]তুর্দ্দশভূবন মদ্ধে ব্যাপিত ধর্ম্ম॥
কে করিল খল্ল কে করিল বিহল্ল।
কে পর্ব্বত মদ্ধেতে উপজিল সল্ল॥
কে হস্তপা। কাক মুখ গর্ব্ভে সঞ্চিৎকায়।
পুষ্প ফুটিলে কে গন্ধ চড়ায়॥
চন্দ্র সূর্য্যকে কে গড়িয়া স ভাঙ্গে।
পুর নিরকে কে ভাসায় গাঙ্গে॥
সুরেশ্বরি গঙ্গা উপজিলা কার য়ঙ্গে।
জান্নবি সুরেশ্বরি গঙ্গা কে করিল বঙ্ক।
মেরু পর্ব্বত কে কোরিল ভিঠা।
সুন্যে স্থল কার দিষ্ঠা॥
সুন্যে আইসে কে সুন্যে জায়।
সুন্যে ভর কর্য়া কে সন্যাকে ধিয়ায়॥
বিক্ষ রুপে কে ফলে ফল।
মেঘে ভর কোর‍্যা কে রোরিসে জল॥

ঘরে ঘরে পূজে কে পূজা লেই।
কে বলায় জগতের মাই।
এই তর্ত্ত সুধান উল্লুক শ্রীধর্ম্মের ঠাঞি ॥ ১ ॥
ধর্ম্ম বলেন উল্লুক আমি করতার।
আমি সে কর্ম্ম।
আমি চতুর্দ্দশ ভূবনমর্দ্ধে ব্যাপিত ধর্ম্ম ॥
আমি কোরিল খল্ল আমি কোরিল বিহল্ল।
আমি পর্ব্বত মর্দ্ধেতে উপজিল সল্ল ॥
আমি হস্তপা। কাক মুখগর্ভে সঞ্চিৎ কায়ই।
পুষ্প ফুটিলে আমি গন্ধ চড়াই ॥
চন্দ্র সূর্য্যকে আমি গোড়িয়া স ভাঙ্গে।
পুর ণিরকে আমি ভাসাই গাঙ্গে।
সুরেশ্বরি গঙ্গা উপজিলা আমারি অঙ্গে ॥
জার্নবি সুরেশ্বরি গঙ্গা আমি কোরিল বঙ্ক।
মেরু পর্ব্বত আমি কোরিল ভিঠা।
সুন্যে স্থল আমার দিষ্ঠা ॥
সুন্যে আসি আমি সুন্যে জাই।
সুন্যে ভর কোর‍্যা আমি সুন্যকে ধিয়াই ॥
বিক্ষরুপে আমি ফলি ফল।
মেঘে ভর কোর‍্যা আমি বরসি জল ॥

ঘরে ঘরে পূজি আমি পূজা লি।
আমি বলাই জগতের মাই ॥
এই তত্ত স্থনে উল্লুক শ্রীধর্ম্মের ঠাঞি ॥
প্রথম মুরতে গোশাঞি মিন্ রুপ হয়্যা।
সপ্ত সাগর নদি গোশাঞি আলেন ভূমীয়া ॥
দোজ মুরুতে গোশাঞি বায়বর্ন্ন রূপ।
বাচে বাচা বাধিলে গোশাঞি বল্লুকা সমদ্র ॥
তেজ মুরুতে গোশাঞি বরাহ রুপ হয়্যা।
সাতালি পর্ব্বত গোশাঞি পেলিলে টালিয়া ॥
পাতালের পঙ্ক দিল মহাদেবের হস্তে।
তের্ত্তিষ কোটি দেবতাগন্ তুলিয়া ধরিল মস্তে ॥
চতুর্থ মুরুতে গোসাঞি নিশিংহরুপ।
কোপে বর্দ্ধ করিলে গোশাঞি হিরনাক্ষ ভূপ ॥
দশনখ দিয়া হিরণ্যের বিদরিলে বুক।
তের্ত্তিষ কোটি দেবতার মনে বড় স্থক ॥
পঞ্চম মুরতে গোশাঞি বায়ন রূপ হয়্যা।
বোলির দুয়ারে ভিক্ষা মাগিলেন গিয়া ॥
বলিকে ছলিয়া প্রভু পহন্তি পাতাল।
ছয় মুরুতে গোশাঞি শ্রীরাম অবতার ॥
সেতবন্ধ বাঁধিলে গোশাঞি হনুমন্তের বলে।

রাবনে সবধ কোইলে লোক্ষির ছলে ॥
চোদ্য চৌজুগ ছিল রাবণের প্রমাঞি ।
সীতাকে ছলিয়া রাবন্ গেলেন অল্প আই ॥
সপ্তম মুরুতে গোশাঞি বলালে গোপি কান্ ॥
বিপ্রকুলে জন্মিঞা গোয়ালাকুলে নাম ॥
কালিদয়ে কমল তুলিলে একসত্ত ভার ।
কংশ বোধিয়া কৈলে দেবের উর্দ্ধার ॥
অষ্টম মুরুতে গোসাঞি আপনি হলধর ।
পৃথিবীর মুণ্ডে গোসাঞি জুড়িলা নঙ্গল ॥
মন্ পবনের বস গোশাঞি ডাক নাঞি যয় ।
গঙ্গা জমুনা তারা হালে রেকে বয় ॥
নয় মুরুতে গোশাঞি কলংখিনী রূপ ।
কলংখ মারিয়া বুলে ঘড়ায় রাযুত ॥
ব্রহ্মা পড়েন পুথি বিষ্ণুন্ ধ্যান ।
ঠাকুর মহাদেব বলেন কিছু সুনিব জ্ঞান ॥
বালির ঘট পত্র কৈল প্রভু বালির মুকুতা ।
ডাক দিয়া আনেন গোশাঞি জতেক দেবতা ॥
দশ মুরুতে গোশাঞি বলালে জগর্নাথ ।
নিমের পৃতিম গোশাঞি সুবর্ণের ছুটি হাত ॥
হিন্দুঁ মুছুলমান তোথা একছত্র করিঞা ।

আপনা জানান প্রভু জানান্ জানিঞা ॥
হাতে লিলে তির কামঠা পায় দিয়া মজা ।
গোউড়ে বলান গিয়া ধর্ম্ম মহারাজা ॥
গাইল পণ্ডিত রাম নম সপ্তশার ।
মানিক পাটনে সেবা হইব তোমার ॥
শ্রীশ্রীধর্ম্মায় নমো নমঃ ॥

---

৭ঁ॥ ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর আদি দেবগণে ।
এক মনে স্তব করে দেব নিরঞ্জনে ॥
কেহ ত আনলে জলে কেহ স্তব করে ।
কেহ তপুস্যা কোরিল সপ্তসালের উপরে ॥
কেহো তপুস্যা কোরিল তবে না ভুখিয়া নির ।
কেহো তপুস্যা কোরে অঙ্গ ডাহিঞা সরির ॥
কার তপ নিরাহার কার পবন আহার ।
হরের কঠোর তপুস্যা কোহিতে অপার ॥
হেঠ মাথায় তপুস্যা করেন তৃলোচন ।
দেখিতে না পাইলেন ঠাকুর নিরঞ্জন ॥
ধর্ম্ম বলেন দেখা দিব কেমনে ইহায় ।
উল্লুক পাত্র মোরে কহ না উপায় ॥

উল্লুক বলেন গোশাঞি দেব করতার।
সকল গোচর প্রভু কি কহব আর ॥
জদি মহাদেবে দেখা দিবে করতার।
হর বিষ্ণুরূপে হয় ধর্ম্ম অবতার ॥
উল্লুকের বচনে গোশাঞি নিরঞ্জন।
গঙ্গাকে দেখা দেহ কমললোচন ॥
তবে মহাদেবের সফল হবে কাম
গঙ্গ দরসনে হবে সভার পোরিত্রান ॥
ধবল খাট ধবল পাট ধবল সিংহাসন।
হংশরথে বিজয় ঠাকুর নিরঞ্জন ॥
মহাদেব মহাদেব বোল্যা ডাকেন করতার।
গঙ্গা বলে কেবা ডাকে কোন জন
বলরে ওঁঙ্কার ॥
তপস্থলে আছেন রাউ বোল্লুকার তিরে।
আমি ত কেষোরি হোঞা আছি হরের মন্দিরে
ধর্ম্ম বলেন মহাদেবে কৈবে পরিচয়।
ব্রত সাঙ্গ হৈলে সর্ব্বে দিবে জয় জয় ॥
উঠিঞা ডাণ্ডাল্য গঙ্গা তেজিয়া আসন।
গোবাক্যজালার পথে দিখিলা নিরঞ্জন ॥

অর্দ্ধ অঙ্গ হৈল গঙ্গার ধবল আকার।
ঘুচাঞা দিলেন গঙ্গা কুঞ্জের দোয়ার॥
লোটায়্যা ধোরিল দেবি ধর্ম্মের চরণে।
করিতে নাগিলা স্তুতি দেব নিরঞ্জনে॥
ধর্ম্ম বলেন গঙ্গা তুমি সর্ব্বেশ্বরি।
আজি হৈতে মহাদেব তুমা বৈবেন
সিরে কোরি॥
গঙ্গা বলেন দেব কমললোচন।
জেকি হরের তরে দেহ নিরিসন॥
গঙ্গা গামারের পেড়িয়ানে সিন্ধুরে মণ্ডিয়া।
রাখিলা ধর্ম্মের পাদপদ্ম স্থাপনা কোরিয়া॥
সোল সঙ্খ দুই পদ্ম নিরিসন দিলা।
নিরীশন দিয়া প্রভু কহিতে লাগিলা॥
এই দুই পদ্ম মহাদেবে দিবে নিরিসন।
বোল্লুকার তিরে কোর‍্যই ঘর ভরন্॥
তবে ধর্ম্ম কর্ম্ম মরতে হবেক প্রকাস।
কহিল রামাঞি পণ্ডিত অনাদ্যের দাস॥

---

## ৮৭ অথ মণ্ডপ-দরসনং ।

ধন্য ধন্য দানপতির সার্থক জিবন ।
পুরি শহিৎ দেখিতে যাইলা গোশাঞের চরন্ ॥
বিশ্বকর্ম্মা আপনি সাজিলো ধর্ম্মের ঘর ।
ফটিকের সোল স্থম্ব দেউল ভিতর ॥
ফটিকের স্থম্ব দেখ চন্দনের রলা ।
উনকোটি শিবলিঙ্গ দেখ বায়ন্ন কোটি তারা ॥
কমল আসনে পদ দেখহ নিরঞ্জন্ ।
কুর্ম্মের পিষ্ঠে পাদপদ্ম করিল স্থাপন্ ॥
বাস্থকি নাগ দেখ আগ্নের উল্লুক ।
বামে দেখ পার্ব্বতি গোসাঞের সন্‌মুখ ॥
হংশ বাহনে ব্রহ্মা গোড়ুড়ে নারায়ন ।
বৃষ বাহণে শিব দেখ ত্রিলোচন ॥
ঐরাবতে ইন্দ্র দেখহ সুরেশ্বর ।
মনুস্যবাহণে কুবের ধনের ইশ্বর ॥
পুবে দেখ ভানু পচ্ছিমে দেখ চাঁদ ।
উর্ত্তরে গোড়ুড় দক্ষিণে হনুমান্ ॥
সিংহ বাহনে দুর্গা কার্ত্তিক গণপতি ।
দশ দিকপাল দেখ বার আদির্ত্তি ॥

লিলাম্বর লাগ দেখ ললজাক বক।
সর্ন্য ভাবিয়া ধর্ম্ম আছেন নিল্লক॥
রামাঞি পণ্ডিত কহে স্থন করতার।
গাজন সহিতে দেহ জয় জয়কার॥

---

কলিমাজাল্লাল।

হংশ অথবা কবুতরং নিত্বা পশ্চিমাভিমুখং কিম্বা পঠেৎ।

জাজপুর পৃয়বাদি সোল শয় ঘর ভেদি
বেদি লয় কেবোল দুর্জ্জন।
দক্ষিণা মাগিতে জান জার ঘরে নাঞিপান
সাঁপ দিয়া পড়ান ভূবন॥
বেদে করি উচ্চারন্ মাল জাঠ্যালা গগন
জলের জাম্বুক অধিবাস।
কৈলাস তেজিয়া ধর্ম্ম অন্তরে জানিঞা মর্ম্ম
মায়ারূপে হইলা খনকার॥
হইয়া জবনরূপি সিরে লিল কাল টুপি
হাথে শোভে 'ত্রকচ কামান্।
চাপিয়া উত্তম হয় ত্রিভূবনে নাগে ভয়
খদায় হইল একনাম॥

---

* এই ছড়ার পাঠান্তর শেষে দেওয়া গেল।

বিষ্ণু হল্যা পয়গম্বর ব্রহ্মা হল্যা পাকাম্বর
মহেশ হইল বাবা আদম।
কার্ত্তিক হইলা কাজি গণেশ হইল গাজি
ফকির হইল মুনিগন্ ॥
ছাড়িয়া আপন ভেক নারদ হইলা শেক
পুরন্দর হইল মলনা।
ব্রহ্মা বিষ্ণু আদি দেবে পদাতিক হয়্যা সভে
উচ্চশ্বরে বাজায় বাজনা ॥
দেখিয়া চণ্ডিকা দেবি তিহোঁ হৈলা হাওা বিবি
পদ্মাঁ হইলা বিবি নূর।
জতেক দেবতাগন্ করিল দারুন্ পন্
প্রবেশ করিলা জাজপুর ॥
দেউল দেহারা ভাঙ্গে কাড্যা ফেড্যা খায় রঙ্গে
পাখড় পাখড় বলে বোল।
শেবিয়া ধর্ম্মের পায় শ্রীরাম পণ্ডিত গায়
ই বড় কৌতুক গণ্ডগোল ॥
ওলন্তের মাল পড়িছে বিহান।
কাটিছেন্ খনকার তির কামান ॥
সুরৎ ঘোড়াকা পিষ্ঠে জিন্ পালান্।
বার দিয়া বসিলেন খোদায় পরমান্ ॥

উচ্চালন্তি কাগজ বিচারন্তি পোথা।
আদি জনম খনকার হইল কোথা॥
মারিয়া দুশমনকা সির।
বাদশা দিলেন্ মহামুদ বির॥
কে হিদূ কে মছলমান্।
হিন্দু পুজন্তি কাষ্ঠ পাশান্॥
মূছলমান পুজন্তি খোদায়।
পূর্ন্ন রূপরেক নাই॥
হিজলবর্দ্দ খোজ খুজিতে গেল খোজা।
তাহা পাইল বত্তিষঠো রজা॥
হাকাসমল্লা রুশুন দিয়া।
তুবঃ খনকার কোন কাম কিয়া॥
গাই বকরি জিনি লিয়া কোন্ কোন্ গাই।
সাওলি ধবলি খইরি খোশারি।
হাঁস জভেকে মুরূগ জভেগো বকরাবকরি গাই।
মুরূগকা পেট মোজোবঅদাথা
উনকো জবাই কোন ঠাঞি॥
তবঃ খনকার কোন কাম কিয়া।
নুর বিবিকো মাঙ্গায়্ লিয়া॥
লেয় লেয় নুর বিবি পান সুপারি খায়্।

বর্ত্তিসঠো হেড়া জোগান করায় ॥
কোন্ কোন্ হেড়া কোন কোন নাই ॥
আম্বুক্ পাশবুক সিসির ভাঙ্গা।
বামচি করদা কমর দণ্ডা ॥
আল্লা বিশমল্বা রোশন দিয়া ॥
পান সুপারি খায়ে বিবি।
খানা পাকাতে মাঙ্গে ডিবি ॥
ছোটতাই বড়তাই হালনকা ডিবি।
বড় বড় হাণ্ডা মাঙ্গে বিবি ॥
ছোটতাই বড়তাই হালনকা ডিবি।
সানিকি করয়া বারকশ চেরাক চোরক ॥
তবঃ খনকার কোন্ কাম কিয়া।
মনপাল কুমারকো মাঙ্গায় লিয়া ॥
লেয় লেয় মনপাল কুমার পান সুপারি খয়্।
বত্তিশঠো হেড়াকা হাণ্ডি জোগান করায় ॥
মনকে লড়ি মনকে চাক।
দিলমো মাঝে দ্বিজে পাক ॥
পাকে জাকে বনায়ে ডিবি।
পুড়িয়া ঝুড়িয়া করিল খুবি।
সরকশদণ্ডা হালন্কা ডিবি ॥
সানকী করয়া বারকশ চেরাক চোরাক ॥

পান্ শোঁপারি খায়ে বিবি।
খানা পাকালে চড়ায়ে ডিবি ॥
আসমান্ পর খোদায় খাড়া।
হুজুরকীযে তাম মহেড়া ॥
এ যব খানা খায়েনা হোয়ে।
খোদায় খনকারে হুকুম কিযে ॥
গাই হাম্বা বকরা ডাকে।
মুরুগা মুর্গি ফুকুরে বাঙ্গ ॥
মচ্লি চল গেয়ে পখুরি গাঙ্গ ॥
এজাল্লালি জোনা জানা।
ঊনকে গাজন্ দ্বারকি আঅনে কি মানা ॥
ঊন্‌ক মুখ দেখেনে বুরা।
উন্‌ক তাম্বা হুজুর না মেরা ॥
মারহ টান্যা করহ দুর।
কেউ আওএ নিরঞ্জন কাপুর ॥
রামাই কহে বাবি আন্।
হারাম কো উপর হালল কো থান্ ॥
জেতা লোক বৈঠ কহ রামকা নাম ॥
আদ্দিকা পণ্ডিত রামাই কহে।
এ বাত জুদা নহে।

হংশকবুতরেণ বা দত্বা গৃহভগ্নং কুর্য্যাৎ। সঃ তণ্ডূলং হণ্ডিকাভ্যন্তরে কিম্বা হণ্ডিমুখমাচ্ছাদ্য। ইতি॥ ততো মুক্তাহণ্ডীকাং রথে অথবা কৃত্বা বাদ্যাদি-কোলাহলৈঃ জলসমীপং গত্বা। যথ াপাটভক্ত্যা শুচিরাচান্ত যথাশক্তি গণেশাদিপঞ্চদেবতা বরুণং সংপূজ্য॥ নৈবেদ্যাদি বরুণায় বলিং দদ্যাৎ। মুক্তাহণ্ডীকাং গৃহীত্বা ধৃত্বা পঠেৎ;—

উত্তিষ্ঠ দেবি মুক্তে ত্বং শুভাং পূজাং প্রগৃহ্য চ।
ব্রজ স্রোতজলেঽস্মাকং দেবি ত্বং বরদা ভব॥
নিমজ্যাম্ভসি সংশুদ্ধে মৌক্তিকে শুভহেতবে।
পুত্রায়ুর্দ্ধনবৃদ্ধ্যর্থং স্থাপিতাসি ময়া জলে॥
জদসাঙ্গমিত্যাদি।

অগাধজলে মুক্তাহণ্ডিকাং ত্যজেৎ। ইতি॥ উৰ্ত্তরী আযম্বানমন্ত্রং যথা॥

দেবগোত্রং পরিতর্য্য আত্মগোত্র প্রবেশয়॥

ইতি॥ শ্রীঅর্য্যূণপণ্ডিতঃ কর্ম্মকারস্য পুস্তকং লিখনমিতি।

---

॥ হরিঃ॥

অথ তাম্রজর্ম্ম।

আদি অনাদি দেব হইল সঞ্চয়।
জাহাতে উতপতি পণ্ডিত প্রলয়॥

মনগুরু কল্পনা মায়া।
আদি ধৃতি উপজিল কায়া॥
আদ্যের দেবির রজে তামা উপজিল।
রজ সত তম ত্রিগুন্ হইল॥
রজ গুণে ব্রহ্মা সত গুণে বিষ্ণু
তম গুণে মহাদেব।
কহ পণ্ডিত ভাই তামার সম্ভেদ॥
অপবিত্র তামা পবিত্র হইল কেমনে।
প্রবিত্র হইল তামা ব্রহ্ম হুতাসনে॥
বাহুদণ্ডে তামা জখন ব্রহ্মা ধরিল।
ব্রহ্মার মুখে হইতে চারি বেদ উপজিল॥
কন্ কন্ চারি বেদ উপজিল।
ঋক্ জজু স্যাম অথর্ব্ব করিয়া সার।
সুষুম বেদ বিন্ধিয়া হইল ভব নদি পার॥
সেত পিত লোহিত পিঙ্গল।
হেন সক্তি আইল তামা জগতমণ্ডল॥
চারি জুগে চারি পণ্ডিত উপজিল।
কন কন চারি পণ্ডিত উপজিল॥
সত্তজুগে পণ্ডিত সেতাই।
সেত বর্ণে তামা অঙ্গে চড়াই॥

অপবিত্র তামা পবিত্র করাই।
সত্ত জুগের ভাই স্থন হে উপায়্॥
ত্রেতা জুগে পণ্ডিত লিলাই।
লিল বর্ন্ন তামা অঙ্গে চড়াই॥
অপবিত্র তামা পবিত্র কারই।
ত্রেতা জুগের ভাই স্থন হে য়ুপায়্॥
দ্বাপর জুগে পণ্ডিত কংশাই।
কাংশবর্ন্ন তামা অঙ্গে চড়াই॥
অপবিত্র তামা পবিত্র কাই।
দ্বাপর জুগের ভাই স্থন হে উপায়্॥
কলিজুগে পণ্ডিত রামাঞ্রি।
রক্তবর্ন তামা অঙ্গে চড়াই॥
অপবিত্র তামা পবিত্র কাই।
কলি জুগের ভাই স্থন হে উপায়্॥
কহিল পণ্ডিতরাম ধর্ম্মপদ সার।
তামার আগমে পড়ে জয়্ জয়্ কার॥

———

শ্রীশ্রীরাধা-কৃষ্ণঃ ।

অথ ধান্যজন্মঃ ।

রাম রাম বন্দিব গোসাঞি তোমার চরন্ ।
প্রণতি করিয়া বন্দ দেব নিরঞ্জন্ ॥
কুকুলি কৃরূণে প্রভাত বিহান।
হাঁসা ঘোড়া গোসাঞের মানিক পালান ॥
খটক ডম্বুর করি করে।
ভিক্ষা ছলে গেলেন্ প্রভূ দ্বারখ্যা পুরে ॥
করজোড়ে বলে দুর্গা মহাদেবের ঠাঞি ।
মন্ দিয়া স্থন প্রভু আগ্তের গোসাঞি ॥
বৃষপিষ্ঠে মহাদেব কাঁপে থর থর ।
কত ভিক্ষা মাগ প্রভূ হয্যা দিগাম্বর ॥
তখন্ ছিলে দুই প্রাণি অেখন পাঁচ সাত ।
আর ণাঞি আটে গোসাঞি ভিক্ষার ভাত ॥
চাস চস মহাপ্রভূ স্থখে অন্ন খাব ।
বড় বড় মুনিগণের দ্বারে ণাগ পাব ॥
পুষ্কন্নির মৃলাল চাঁহি চস চাসখানি ।
আয়সা নাগিলে হে ছিচিয়া দিবে পানি ॥
অন্য কৃষান্ কান্দিব মাথায় হাত দিয়া ।
আমরা দাইবধান্য আনন্দিত হয়্যা ॥

কাপাস চাস কর প্রভু পরিবে কাপড়।
দেবতা হয়্যা পরিবে কত কেঁউদা বাঘের ছড় ॥
তিল সরিষা মহাপ্রভু করহ উপায়।
তেল থাকিতে কত বিগতি মাখিবে গায় ॥
ইক্ষু চাস কর প্রভু পঞ্চামিত খাব।
ঘরেতে থাকিতে কত পরের দ্বারে জাব ॥
খুজিয়া বাটনা গোসাঞি করহ উর্ত্তন্।
এই সব দর্ব্য চাই নিরামিষ্য ভোজন্ ॥
আম্ব্র কাঠাল গোসাঞি আটনে রুহ কলা।
এই দ্রর্ব্য চাই ধর্ম্ম পূজিবার বেলা ॥
এতেক বচন্ যদি কহিল পার্ব্বতি।
চাস চসিতে গোসাঞি করিল উৎপতি ॥
তিন ভাগ বয়েষ গেল বৃদ্ধ হল্য কাল।
এমন সময়ে দুর্গা না কর জঞ্জাল ॥
কোথা পাব হল্যা গরু কোথা পাব ফাল।
কোথা পাব লাঙ্গল কোথা পায়িব জুয়ালি ॥
নির্ব্বুদ্ধি গোসাঞি বিবুদ্ধে গেল কাল।
দিনে দিনে হয় তুমি দুগ্ধের ছায়াল ॥
তোমার হাথের ত্রিষক ভাঙ্গি গড়ায় কদালি ফাল
আমার বাঘে তোমার বৃষে হুত নিয়া হাল ॥

সেই কালে মহাদেব কেমন বুদ্ধি কৈল।
বিস্বকর্ম্মা বলিয়া তখন হুঙ্কার পড়িল ॥
ভল্লুকে চাপায়া বিসাই করিলেন্ গমন্।
শিবের সাক্ষাতে আসি দিল দরসন ॥
আস্থ আস্থ বিসাই ভোগের গুয়া খায়।
ফাল কোদালি মোরে গড়িয়া জোগায় ॥
হাথে বন্দি গুয়া বিসাই শিরে বন্দি পান।
আড়তি আঙ্গিল শিবের বিদ্যমান ॥
সেই কালেই বিস্থাই কোন বুদ্ধি কৈল।
বনের হরিন্ বল্যা হুঙ্কার পড়িল ॥
বনের হরিন্ তখন করিলা গমন।
বিশায়ের সাক্ষাতে আসি দিল দরসন ॥
বনের হরিন্ মার্য়া ছাল তুলে তখন।
বীজমন্ত্র বিষাই করিল স্মঙরন্ ॥
মন্ত্র জপিয়া পুষ্প মারে হরিণের গায়।
প্রাণ পায়্যা হরিন কাননে চল্যা জায় ॥
সেই ছালে বিশ্বকর্ম্মা জাঁতা শূল কৈল।
লিয়াই হাতুড়ি বিশাই সাঁড়াসি আনিল ॥
ভাবিয়া চিন্তিয়া বিশাই মনে যুক্তি কৈল।
শিব স্মঙরিয়া বিসাই জাঁতা বস্থাইল ॥

কেহ তায় কেহ পিটে হনূমন্ত টানে গুণা।
এক শত হাথ হনূ ফালের পাতনা॥
শিবে হাথে ত্রিশক ভাঁগ্যা গড়ান কোদালি ফাল।
দুর্গা বলে ইয়াকে চাই তিনটী গজাল॥
আনিয়া শালের মুড়া দিল ফুল চাঁচ।
দুর্গা বলে ইয়াকে চাই দ্রব্য চারি পাঁচ॥
আস জুড়ি পাশ জুড়ি চাই দুই ভীতা।
সুবর্ণের জুয়ালি চাই নাঞিখ অন্যথা॥
গোটা পাটা আদি আন্যা গড়িলেন মই।

* * *

ময়ের দুপাশে চাই ছান্দন দুগাছি দড়ি।
হাল্যা চালাইতে চায়ি সুবর্ণের লড়ি॥
সনার নাঙ্গল হল্য রূপার হল্য ফাল।
বাঘে বৃষে মহাপ্রভু জুড়িলেন হাল॥
শিবের কৃশেতে অনুকূল হল্যা ভীম।
করেণ অশেষ কর্ম্ম প্রাণের প্রতিম॥
প্রথম বৈশাখ মাসে দিলেন উগাল্।
দ্বিতীয়াতে মহাপ্রভু করিল রসাল॥
তিন চাস দিয়া প্রভু দিলা তথি মই।
শুন শুন আগো দুর্গা তুমারে কই॥

ভূমি সাধ্য হল্য শুন হেমন্তের ঝি।
বিহন ধান্যের তরে করিব কি ॥
সেই কালে দুর্গা কেমন বদ্ধি কৈল।
আপনার মন সুখে সাজন করিল ॥
নয়ানে কাজল পরে সিথাতে সিন্দুর।
গলায় গজমতি হার চরণে নপূর ॥
শুবেশ করিয়া দুর্গা করিল সাজন।
বাসঘরে গায়া দুর্গা দিলা দরশন ॥
দুর্গাকে দেখিয়া শিবের বীর্য্য পাত হল্য।
সুমেরু সুমেরু বল্যা তিন ডাক দিল ॥
কামেতে হইল ধান্য কামদবল্যা নাম।
এক ধান হতে হল্য এক শত নাম ॥
সেই ধান নঞা শিব করিলা গমন।
কানিন্দী জলাতে জায়্যা দিল দরশন ॥
দ্বিতীয় জুগেতে প্রভু চাস চসিল।
তৃতীয় যুগেতে প্রভু ধান্য পেলাইল ॥
জ্যৈষ্ট মাসেতে ভূমে বায়া দেখা দিল।
দেখিয়া শঙ্কর কৃশি হরসিত হল্য ॥
আষাড় মাসেতে ধান্যে দিল মই দিয়া।
শ্রাবণ মাসেতে ধান্য দিল কাড়াইয়া ॥

ভাদ্রপদ মাসে ধান্য করিল নিড়ান্ ।
আশ্বিন মাসেতে জল বান্ধে সাবধান ॥
বিষুব সংক্রান্তি পায়্যা ভকত বৎসল ।
ধান্য ডাকিলেন প্রভু ক্ষেত্রে প্রতি নল ॥
ফুলিয়া সকল ধান্য হল্য সমত্তল ।
ধান্য সব সঞ্চরিল মাথে করি ফুল ॥
ক্ষীর নাঞি বান্দে ধান্যে ভাবেন গোশাঞি ।
ভাবিয়া গেলেন হর পার্ব্বতীর ঠাঞি ॥
অতঃপর কোন বুদ্ধি করয়ে পার্ব্বতী ।
ক্ষীর না বান্ধিল ধান্যে কি করি যুগতি ॥
ক্ষীর না হইল ধান্যে সব হল্য আলু ।
ক্ষীরের অভাবে ধান্যে নাই বান্ধে চালু ॥
এতেক শুনিঞা দেবী করিল উপায় ।
শ্রীফল নামেতে বৃক্ষ সৃজিলেন প্রায় ॥
এক বর্ণের ফল ফুল আর বর্ণের পাতা ।
গর্ব্ভবতী করিলেন ত্রিজগতের মাতা ॥
সেই বৃক্ষে তিন গুণ করিল আধান ।
তিন গুণে ত্রিপত্র হইল্য উপাদান ॥
সত্ব রজস্তম এই ত্রিগুণ দেবীর ।
তিন পাতে তিন ধার উপজিল ক্ষীর ॥

একধার পাঠাইয়া দিলেন পাতালে।
বিষ হয়্যা রহে গীয়া নাগের শয়ানে ॥
আর এক ক্ষীরধার দিলেন গাভীরে।
দুগ্ধ হয়্যা সঞ্চরিল গাভীর শরীরে ॥
মধ্য ক্ষীরধার ধান্যে দিল হৈমবতী।
ধান্যে ক্ষীর বান্ধিয়া তণ্ডুল হৈল তথি ॥
অল্প অল্প অগ্রহায়ণ মাসে পাকে সব ধান্।
ভীমে আজ্ঞা করিলে দেব ভগবান্ ॥
কাটহ সকল ধান্য ভীম বাছাধন্।
এতেক শুনিঞা ভীম করিলা গমন্ ॥
কাটিল সকল ধান্য হল্য আড়াই হালা।
ক্ষেত্রে রাখি বৃকোদর শিবপাশে গেলা ॥
ভীমে দেখি শঙ্কর জিজ্ঞাসে হয়্যা দ্রুত।
কহ কহ বৃকোদর ধান্য হল কত ॥
এত শুনি বৃকোদর সদাশিবে বলে।
আড়াই হালা ধান্য মাত্র হইল সকলে ॥
ক্রুদ্ধ হয়্যা শিব বলে চাসের কিবা গুন্।
মরুক মনে চাস কর্ম্মে লাগুক আগুন ॥
এত শুনি অগ্নি জাল্যা দিল বৃকোদর।
পুড়িতে নাগিল ধান্য দ্বাদশ বৎসর ॥

তাহার ধুমেতে পূর্ণ হইল গগন।
ধুঁয়া দেখি বৃকোদরে কহে ত্রিলোচন॥
কিশের উঠিছে ধূম কহ বিবরন্।
ভীম বলে ধান্য পুড়ে শুন ত্রিলোচন॥
এতেক শুনিঞা পুণ কহে কৃপানিধি।
আড়াই হালা ধান্য কি পুড়িছে অদ্যাবধি॥
এত ধান্য তোমার হয়াছে আড়াই হালা।
পড়াতে বলিলাম আমি এক বিষম জালা॥
নিভায় নিভায় ভীম নিভায় তৎকাল।
পুনঃ পুনঃ কহিতে লাগিল্যা লোকপাল॥
জপিয়া বরূনমন্ত্র জল দিল ভীম।
অর্দ্ধেক বাঁচিল ধান্য সেহত অসিম॥
নানাবর্ণ ধান্য বাছি লিল কীর্ত্তিবাস।
পুনশ্চ অপর বর্ষে আরম্ভিল চাস॥
গাইল পণ্ডিতরাম অনাদ্যের পায়।
জন্মিল ধান্যের বীজ শুনহ সভায়॥
প্রথম বৈশাখে অক্ষয় তৃতীয়ার যোগে।
হরিধ্বনি করিল জতেক দেবলোকে॥
হরিধ্বনি শুন্যা শিব দেব ত্রিলোচন।
বাকড়ির ঈশানে কৈল মুঠির স্থাপন॥

জেঠ ধান বুনে গোশাঞ্রি ছাচি আমলা।
এনাচিতি ফেরি ফেরি বুনে বড় দেখি কালা
সিয়াড়িমুখি সনাখডকি গর্ভথোড়ে পাকা।
রাঙ্গিশাল চালি আস বুনে আনদরাখা॥
ওলাসালি ধান্য বুনে ওলাজার গায়।
অস্তবেস্ত ধান্য বুনে বায়্ গন্ধ পায়্॥
অসফুরফুরি বুনে আস গঙ্গাজল।
দল কুস্তির বাছা বুনে দ্বিগুণ জার ফল॥
কাল্যা মুগুর বুনে ঝড়া মারিবার তরে।
নাগর জুয়ালি ধান্য বাছা বুনিল ডাঙ্গরে॥
এনাচিতি লালবন্দ উভে নাঞ্রি বাড়ে।
গুড় জুড়ালি খেজুরথুপি চাকড়িয়া পড়ে॥
ভূতমুড়ি কেউদমুড়ি ফুলকান্তি সনে।
জামাঞ্রিলাড়ু বিষ্ণুভোগ গন্ধরাজ বুনে॥
হেমান্তি পাটসালি বুনে শুকনি ঘিকলা।
সোলপনা চাঁপাঝণ্যা লাউসালী ভোলা॥
আস্থনৌরি চামরসালি বুনে পায়রাবস।
রামসালি সিতাসালি সভাকেশরস॥
তিলসাগরি কাল্যা জীরা বুনিঞা বিসরে।
বুনিল অমৃতসালী আমাম্বের তরে॥

লোয়াগড়া আমফাফড়া আদি জত ধান।
বুড়া মাতা হাড্যা পাঁজরা আর কলিকান ॥
উত্তম শালী চন্দন শালী দুর্গাভোগ বুনে।
কিরন কমল বাছ্যা বুনিল জতনে ॥
বোরমাট্যা পাটশালী বুনে রণজয়।
কয়া কালিন্দা বুনে সকল ভূমে হয় ॥
জোড়মাধব পিপিড়্যা বুনিল বাসগজা।
বুড়ামাত্রা হাতিপাঁজ ধূল্যা বুনে ভোজা ॥
বুনিল কর্পূরশালি আপন ইচ্ছায়।
হরকুলি বাদরাঙ্গি পক্ষরাজ পাখা জার গায় ॥
হাত্যদল মস্তদনাদ আজালি সিয়লি।
প্রলয় গৌতম বুনে পরমানন্দ শালি ॥
মড়িচ মই পান আশুকাল্যাস কাল্যাযুগরি।
কট্যা মট্যা ধান বুনে ভোজরাজ গৌরী ॥
জলা ধান হেমতাই নামি পাঁকজায়।
জে চাস করিলে গৃহস্থ দুঃখ নাঞি পায় ॥
জলাধান বাঁকুই লোটাইয়া জায়।
আথল জলের ধান্য জার বিড়া বয় নায় ॥
ক্ষীরদুদরাজ বুনে ভোজন মাপুই।
মুনিমুক্তাহার বুনে ভোজ বাঁকুই ॥

অপর পর নাম আছে কত নাম নিব।
লক্ষ্মীর মহিমাগুন কহিতে নারিব॥
মুক্তাহার ধান্য পায়্যা রাজা হরিশ্চন্দ্র।
তাহার তণ্ডূলে মুক্তা কৈল্য অনুবন্দ॥
শ্রীধর্ম্মপাদুকাস্তথি করিল স্থাপন।
ভরিল বার্ম্মতীঘর হয়্যা' অেএকমন॥
এমন মুক্তার অধিবাস করী পূজ।
ধর্ম্মের বিভাহ দিয়া মহানন্দে মজ॥
নিরঞ্জন দেববর কন্যা মুক্তাদেবী।
দানপতি দান কর ধর্ম্মপদ ভাবি॥
রচিল পণ্ডিতরাম ধর্ম্মপদগতি।
দাতাবর্গে বর দিবে জুগের জুগপতি॥

---

অথ মঙ্গল।

জয় রে জয় জয় মঙ্গল বাদ্য হয়
মুকুতা গন্ধ অধিবাসন।
জতেক আয়্ সখি হরিদ্রা আমলকি
মুক্তার অঙ্গেতে লেপেণ॥
সুগন্ধি নানা ফুলে চাঁচর কুন্তলে
বাধিল কবরিতে বেনি।

চন্দনের রেখা সিন্দুর অলকা
কৌতুকে দিছেন রমনি ॥
তরায় নৃপমনি বন্ধুগণে আনি
প্রাঙ্গনে বান্দিল ছাঁদলা।
করিয়া দির্ব্ব বেদি চৌদিগে কলা উদি
খাঁচাইল বনমালা ॥
তুন্দবি বাজে শানি খঞ্জরি বিনা বেনি
আনন্দ রাজার ভবনে।
মর্দ্ধসূর্য্য জেন জতেক ব্রাহ্মণ
বসিল আবিক আসনে ॥
পরিয়া শুক্ল বস্ত আসনে কুশ হস্ত
নৃপতি কৈল আচমন।
সস্তিক বাচন মাধব স্মঙরণ
করিল সঙ্কল্প রোচন ॥
ঘটে আবাহণ পূজিল গজানন
সূর্য্য বিষ্ণু মহেশ্বরে।
গৌরি পূজিয়া রাজা করিল সষ্টিপূজা
মার্কণ্ড পূজে তার পরে ॥
মহি গন্ধ আদি ক্রমে সে জথাবিধি
লল্লাটে মুক্তার ছুয়ান্।

সূত্র বন্ধণ করি প্রশস্ত পাত্র ধরি
নিমুছিয়া ফেলে পান্ ॥
হইল সঙ্খের্দ্ধনি ঘণ্টার ডনঢনি
কনকসিথি দিল সিরে ।
অঙ্গনাগণ গিয়া জলধারা দিয়া
মুক্তাকে নইলেন ঘরে ॥
ভবদেব বুঝি গোর্য্যাদি মাত্রি পুজি
ঘৃতেতে দিল বসুধারা ।
জপিয়া জিশ্বমন্তে নান্দিমুখ তন্ত্রে
বিভা দিতে হল্য তরা ॥
ব্রাহ্মণ বেদগান অম্বর দিয়া দান
বরণ কৈল্য নিরঞ্জনে ।
জৌতুক নানা ধনে তুসিল নিরঞ্জণে
করিয়া গ্রন্থির বন্ধনে ॥
বেষ্টিত হয্যা বরে উর্থণ থালা করে
জামাতা নির্ম্মছিল রাণি ।
করিয়া করপুটে মুকুতা কপটে
চৌদিগে জয়জয়র্দ্ধণি ॥
গঙ্গাজল কুযে অম্বিকা অভিলাসে
করিল মুক্তা সমর্পন ।

জৌত্তক নানাধনে তুসিল নিরঞ্জনে
করিয়া গ্রন্থির বন্ধন ॥
অরুণ ধুতি সারি পাণি গ্রহণ করি
লর্জ্জা হোম তার পরে।
আসিয়া বামাভাগে জলধারা আগে
মুক্তাকে নঞা গেল ঘরে ॥
খির ভোজনে বাসর সঅনে
রহিলেন নিরঞ্জন্।
অনাদ্যে করি ধ্যান্ শ্রীরামাঞে গান্
হরি বল বন্ধু জন ॥

---

অথ চনাপাবন।

সূবর্ন খলাতে আমিনি চনাত ভাজিয়া।
অষ্ট কলাই তণ্ডুল তায় দিল মিশাইয়া ॥
পশ্চিম দুয়ারে আছে বসুআ আমিনি।
চলিল ধর্ম্মের ঘরে জয় জয় ধ্বনি ॥
চারি সয় গতি সঙ্গে বসুআর গমন।
ধর্ম্মের ঘরেতে গিয়া দিলা দরসন ॥
চারি সয় গতি আইলা জয় জয় দিয়া।
সেতাই পণ্ডিত চনা দিল উছর্গিয়া ॥ ১ ॥

রজতের খলাতে আমিনি চনা ত ভাজিয়া।
অষ্টকলাই তণ্ডুল তায় দিল মিষাইয়া॥
দক্ষিণ দুআরে আছে চরিত্র আমিনি।
চলিল ধর্ম্মের ঘরে জয়জয়র্দ্ধনি॥
অষ্টসয় গতি শঙ্গে চরিত্রার গমন।
ধর্ম্মের ঘরেতে গীয়া দিল দরসন্॥
অষ্ট সয় গতি আইল জয় জয় দিয়া।
নিলাই পণ্ডিত চনা দিল উছ্‌র্গিয়া॥ ২॥
তাম্বের খলাতে আমিনি চনা ত ভাজিয়া।
অষ্টকলাই তণ্ডুল তায় দিল মিষাইয়া॥
উদয় দুয়ারে আছে গঙ্গা আমিনি।
চলিল ধর্ম্মের ঘরে জয়জয়র্দ্ধনি॥
বারসয় গতিসঙ্গে গঙ্গার গমন্।
ধর্ম্মের ঘরেতে গিয়া দিল দরসন॥
বারসয় গতি আইল জয়্ জয়্ দিয়া।
কংশাই পণ্ডিত চনা দিল উছ্‌র্গিয়া॥ ৩॥
মৃত্তিকার খলাতে আমিনি চনা ত ভাজিয়া।
অষ্টকলাই তণ্ডুল তায় দিল মিষায়িয়া॥
গাজন দুয়ারে আছেন দুর্গা আমিনী।
চলিল ধর্ম্মের ঘরে জয়জয়র্দ্ধনী॥

সোলসয় গ্তি সঙ্গে দুর্গার গমন।
ধর্ম্মের ঘরেতে গিয়া দিল দরসন॥
সোল সয় গতি যাইল জয় জয় দিয়া।
রামাঞি পণ্ডিত চনা দিল উর্ছ গিয়া॥
গাইল পণ্ডিৎ রাম চনাপাবন সার।
ধর্ম্মের গাজনে দেয় জয়জয়কার॥

৺শ্রীশ্রীহরিঃ॥

নমোহং দেবোনাথং স্থন দেব
কহ গোসাঞি কায়া সম্ভেদ॥
আমার গোতিকর তৃদশের য়োধিপতি।
কোনমতে কায়া হয় উৎপতি॥
কোনমতে আদি বিন্দু হয় পবন সঞ্চয়।
কোথা বৈষে রোবি সোষি কোথা মন রয়॥
কোনমতে হয় দেব উৎপতি প্রলয়।
কোনমতে আদিনাথ কহ দেব কায়ার পরিচয়॥
মহাদেব কহন্তি স্থন পার্ব্বতি কায়ার নিতি।
রজ বিজ্জে স্থির হয় জেন প্রকারে॥
হেদেবি। প্রথম মাসেতে গর্ব্ভে বিন্দু হয় নিচল।
দোজ মাসেতে গর্ব্ভে বিন্দু ধরে নানা বর্ম্ম॥

তেজা মাসেতে গর্ভে বিন্দু রক্ত গলা গলা।
চারি মাসেতে গর্ভে বিন্দু ফাটন্তি।
অষ্টম মাসেতে গর্ভে গলায় অষ্টাঙ্গ জোতি॥
নবম মাসেতে গর্ভে ভ্রময় আকাস।
পৃথিবিতে পোড়িলে কায়ার নির্ম্মানমূর্ত্তি।
দশ মাসে দশদদিগ মুক্তি।
স্থন স্থন পার্ব্বতি কায়ার নিতি॥
পার্ব্বতি বলেন ভো দেব কহ কহ আর বিচার।
কেমন ভেদ কেমন বর্ণ কেমন সম্ভা।
মহাদেবো কহেন স্থন পার্ব্বতি সক্তি উগ্রা।
তৃখণ্ড কোমল পল মজা সাতপল গোজা।
আট পল বীর্য্য সোঁফা হড়া রক্তজাহাজ।
মায়া মনুষ্যের অন্ত নাঞি পাই।

পার্ব্বতি বলেন ভূদেব মায়া মনুষ্যের অন্ত করুন বিচার।

হে দেবি চারি আঙ্গুল ফোপস হয়। তিন অঙ্গুলি মন কোথন। আঠার অঙ্গুলি পিট কোচল। চোদ্দ অঙ্গুলি পছিমা মঘয়া হয়। পছিমা মজ্জার মর্দ্ধে ডাহিন বামেতে জার সুন্য কার সন্ধি। চিহ্নড়া গ্রাশিলে অঙ্গে নাঞি বিনাস।

ভো দেব মাতু গর্ভ্রে তেজিয়া পুত্রে পোড়িলে কি হয়।

হে দেবি। আপ হয়। তেজ হয়। হেরঙ্গ হয়। ত্তরঙ্গ হয়। লবহংশ হয়। তৃধাউৎ হয়। চোদ্যভুবন বর্ন হয়। ইহার মোর্দ্ধেতে জার জর্ম্ম হয়। তার পরম বুদ্ধি হয়। ইহার মোদ্ধেতে জার জর্ম্ম নাঞি, সে কায়া বিনস হয়। ষডশ্চ মন নিশ্চল পবন অষ্ট অঙ্গুলি জাহাতে হৈল দেবি পবনের জর্ম্ম। মহাদেবো কহন্তি সুন পার্ব্বতি তলপাকে কোতুলিপা বলি। কোতুলি পায়ের উপরে সেত হাড় বৈষন্তি। সেতহাড়ের উপরে চক্র হাড় বৈশন্তি। চক্রহাড়ের উপরে অভ্যাকমলার বৈষন্তি। অভ্যাকমলার উপরে ঋদয়মনি বৈষন্তি। ঋদয়মনির উপরে নাটিকা বৈষন্তি। নাটিকার উপরে ঘোটিকা বৈষন্তি। হে দেবি। নাককে কিজন বোলি, সঙ্খ বোলি, বঙ্কা বোলি। কর্নকে সুরঙ্গ বোলি। চক্ষুকে গগনদেষ বোলি। গগন দেশের মদ্ধে মায় পুরুষ আছন্তি, জোথি হইতে নিদ্রো য়াছাদন করন্তি। হে দেবি। মস্তকে তোসি সোফা বলি। চরনকে কাঞ্চন বোলি। নত্তরকে বাহন বোলি। কাঙ্গালি

ডাণ্ডাকে মেরুডাণ্ডা বলি। মেরুডাণ্ডার মদ্ধে তৃদেবা বৈসন্তি।

ভো দেব কোনরুপে কোন দেবো বৈশন্তি।

হে দেবি ব্রহ্মা বৈষন্তি ব্রহ্মরুপে। বিষ্ণু বৈষন্তী বিশ্বরূপে। মহাদেবো বৈষন্তি কালরুপে। হে দেবি রজগুণে ব্রহ্মা। সতগুণে বিষ্ণু। তমগুণে মহাদেব। স্থন স্থন পার্ব্বতি গো কায়াসম্ভেদ ॥০॥

রুদ্রাক্ষের জন্ম। কহন্তি পার্ব্বতি। ইতি ॥

সোল সয় গতি নিঞা পণ্ডিত রামাঞি জান।

সেই পথ দিয়া মার্কণ্ডমুনি জান ॥

ধুপ ধুনা ঘোর অন্ধকার।

বলেন কোপিল মুনি স্থন হে মার্কণ্ড রিষি

কোথা স্থনি জয়জয়কার।

মিথ্যায় বাদ্য বাজে মিথ্যায় আলম চড়ে

মিথ্যায় সঙ্খ বাজে মিথ্যায় দিজ করতার ॥

কি বোল বলিলে দোরি, হা মার্কণ্ড রিসি, অষ্টাঙ্গ জিভ্রা তোর খোসিঞা পোড়িব; ধ্যানে জানিলা নিরঞ্জ ॥

বলেন পণ্ডিত রাম স্থন প্রভু গুণধাম
তুমা পূজা কি কারণে কোরি।
তুমা নিন্দা কৈল মার্কণ্ড মুনি লর্জা পাইল রিসিপুরি ॥

সম্পাৎহো করি সিকে দেখিব বিত্তমান্।
অষ্ট কুষ্ট চোল্যা জাক শ্রীমার্কণ্ডের স্থান ॥
আত্মের ধবল কুষ্ঠ সুখে জাঞা বৈষে।
কালা গলন্ত কুষ্ঠ্যা নাগিল ভালে ॥
চড়চড্যা কুষ্ঠে রিসি নাঞি পান স্বাস্ত।
কাঁদিঞা বিকল রিসী নাঞি পান প্রথ ॥
মাংশ গোলিঞা তার অস্তি হোল্য সার।
কাদিঞা চোলিল রিসানি কোরিতে গোহার ॥
গুরুবার দিনে রিসাদি নিয়মে বোহিল।
স্থক্ক বার দিনে রীশানি সজুক্ত কোরিল ॥
পোহাইল রাম রাত্রি প্রর্ত্তুষ বিহান।
প্রভাতে কোরিল ঋষানি প্রাতস্নান ॥
আলচালু কাঞ্চা দুগ্ধ নিঞা ধর্ম্ম মণ্ডপ গেল।
অেকমনে একচিত্রে নিরঞ্জনে অর্ঘ্য দিল ॥
মাগ মাগ রিষানি মাগিয়া লেয় বর।
কি বর মগিব প্রভু দেব গদাধর ॥

নাঞি চাইব ধন জন নিফল ভাণ্ডার ।
বারেক স্বামি দান দেহ তৃর্দ্দসের পাথ ॥
তখন প্রমেশ্বর কোন কার্গ্য কৈল ।
সাটি হাজার ঋষিকে ডাক দিঞা আনিল ॥
ঘোর তৃণা কোর‍্যা মহারিসিকে বান্ধিঞা পেলিল ।
শ্রীপত্ হাত মার্কণ্ডের গায় বুলালেন ॥
সলযাস পূর্ণ হোল্য নিরঞ্জনের বরে ।
জে মুখে ধর্ম্ম নিন্দা কৈল মহা ঋষি ।
তীল প্রমাণ কুষ্ঠ মুখে রোহিল ধর্ম্ম শাস্ত কোরি সার ।
বর দেম য়নাদি করতার ॥ ০ ॥

---

মহিস বাহনে দেখ জম নৃপবর
চিত্রগুপ্ত জাহার করন ।
হাথে লোহার ছড়ি গোছা গোছা চামদড়ি
কালবেকা দুইজন ॥
জার আয়ু টুটে তারে চিত্রগুপ্ত কহে
কাল বেকাল ধোর‍্যা নঞা জায় ।
জম ধর্ম্ম দুইজন বোষ্যা আছেন দেবসভায় ॥
ধর্ম্মবিচার জেবা করে পাপ পুর্ণের ফলাফল
শাস্তজুক্ত জেই জন ।

অর্ণ বস্ত মোহি তিল কাঞ্চন হেম
স্থরভিদুহিতা কন্যাদান ॥
পুর্ব্বজর্ম্মেতে সেই উর্ত্তম স্থানে ভোগ ভূজে
দলাঘড়া নৃপের সমান ॥
মা বাপকে নাঞি পুষে ইষ্ট কুটুম্ব মুষে
ভূকিসোসি করয়ে নৈরাস।
কাপাস বিচে উনতুলে পোখুর গোচারন্ ভাঁগে হালে
সন্ত জর্ম্ম সোকর গরাস ॥
ধ্যার্য্যা রিন্ স্থধিতে নারে ঘড়া হয্যা পিকরে
বাউরি হঞা বহে দলামাল।
পাঞা সাধু না দেই খড়ি সে হয় চামার জাতি
গলায় গরগণ্ড হয় উন জার মাল ॥
পরের জাঙ্গাল কাটে কাটা খঁচা পুঁতে বাটে
তাথে জম উভে দেই সাল।
নিঞা বির্ত্তি নাঞি অেড়ে ভণ্ডল বুড়ি করে
চন্দ্রসূর্য্যে চির্য্যা পেলে গাল ॥
চুরি ডাকা জেবা করে তাথে জম করাতে চিরে
গৃহবাসে ভেজায়ে পিঙ্গল।
ছাতা পানঞি চুরি করে গুআলে স্ত্রিংঙ্গার করে
সয়ন উদরে হয়ে স্থল ॥

বড় লোক হাত তুলে তাম্র কুষ্ট হয়ে গালে

ঠেটা ঠুঁটা হয়ে হাত পা।

সোদর ভাগিনাকে মারে চাপড়ের ঘাত।

আচম্বিতে হয় কম্প বাত ॥

খুড়ুই জেঠুই হরে মাউসি মামিনি।

গুরুপত্নি ব্রাহ্মণি করয়ে বিবাস।

কুড্যা কুঠ্যা হয়ে ছাগল হোঞা ঘাস খায়।

কন্দ ছেদ হয়ে সাতবার ॥

মিনি দোষে ব্যালি স্ত্রিকে দেই সাস্তি।

আখণ্ড বোরুজে পান তুলে।

কুঞিল্যা গোরুকে আগে হালে জুলে ॥

যে সব লর্ক কুণ্ডেতে হয় স্থান ॥

রজস্বলা শ্রীহরে যবস্তি বালিতা

তাকে জম ফেলে কুম্ভিপাকে।

পাকসালে জেবা নারি বিখারয়ে ভণ্ড।

রাড়ি ব্রাহ্মণি আসি খাবেক

ভাইকে বাডাঞা দিবেক যঙ্গ।

তার পাপে মোরিল জাহ্নবি গাঙ্গ ॥

বৌড়ির হাথে সাউড়ি হবেক দণ্ড।

চামার হবেক পণ্ডিত পণ্ডিত হবেক ভণ্ড ॥

রামাঞি পণ্ডিত কহে স্থনহ সর্ব্বজন।
কলির মাহিত্ত এই করিল স্থনহ সর্ব্বজন ॥

আমিনী ॥

ধর্ম্ম পুজ আমিনী হইয়া অেকমন্।
পুজিলে অভিষ্ট শির্দ্ধ করে নিরঞ্জন্ ॥
স্নান করীঞা আমিনী সব অঙ্গে হৈল জতি।
পরিধান বস্ত্র তেজঞা পরিল স্থক্ল ধুতি ॥
হবীস্ত কই আমিনী অঙ্গে ফোটা লিঞা।
ধর্ম্মের গাজনে আমিনী উত্তরিলা গিঞা ॥
গন্ধ শোধা আমনী লিল ধুপ ধুনা।
আতপ তণ্ডুল খণ্ড কিছু ভাজা চনা ॥
সঙ্খে ভরীঞা লিল নারিকেলের জল।
সিতল জল লিল কেসোরি পানিফল ॥
নানা জাতি পুষ্প লিল স্থজতন করি।
ভক্তি করী দিব ধর্ম্ম পাতুকা যুপরি ॥
গাইল পণ্ডিত রাম নম সত সার।
হরি হরি বল সভে জয় জয়কার ॥
পুজগো আমিনী ঠাকুর করতার।
তারিবেন কৃষ্ণচন্দ্র স্থনগো ব্যাহার ॥

সত্য যুগে ব্রহ্মা কৈল ই ঘর ভরন্ ।
সেত পণ্ডিত নঞা করিল বরন্ ॥
সুবর্ণের বারি ণঞা করীল স্থাপনা ।
পাদ্য অর্ঘ দিয়া ঘট করিল অর্চ্চনা ॥
তলে ধান্য দিল উপরে আম্রপল্লব ।
বেদমন্ত্র পড়িয়া ঘটে দিল শ্রীফল ॥
সুগন্ধী চন্দ দিল পুষ্পের মালা ।
সিন্দুরের রেখ দিল সুভক্ষন বেলা ॥
পুজা করীতে আমিনী হইল একমন ।
পদ পক্ষলিয়া করিল আচমন ॥
নিয়ম করিঞা পণ্ডিত ফোটা দিল মাথে ।
হরিষ হঞা সভে সুনহ একচিত্তে ॥
ধর্ম্মের পদে করিল আবাহন ।
মহাঁবাক্য করীঞা পুজা করীল তথন ॥
মহাবাক্য করি আমিনি হরশিত মনে ।
নানা উপহার দিল পরম জতনে ॥
লৌতন বস্ত্র দিঞা ঘটে বাঁন্দিল মুড়ালা ।
আনন্দে নিত্যগীত প্রভুর তপসালা ॥
চারি সয় গতি-নঞা দক্ষিন দুয়ারে গিয়া
নৈবেদ্যাদি নঞা ভারে ভার ।

আটশয গ [তি] হইল প্রভুর সাক্ষাতে গেল
গোসাঞিঃ করাইল আগুসার ॥
পূর্ব্বদ্বারে আমিনী জাঞা গঙ্গাকে ডাকিল গিঞা
স্থন গঙ্গা আমার বচন ।
গঙ্গা বলে ভগবান্ কর প্রভু যবধান
পাদ্য অর্ঘ্য যোগাইল আসন ॥
গঙ্গা দিল খণ্ডসর্করা মধুর আদি চাঁপাকলা
কেসরি পাণি ফল ।
বারষঅ গতি ছিল গাজান দুয়ারে গেল
আনন্দ হইলা শভাতল ॥
গোশাঞের বাত্রা পাঞে দুর্গা ঘট দাসী আল্যা ধ্যাঞা
জোড়াহাথে করে নমস্কার ।
দুর্গা বলেন করতার তুমি সংশারের সার
স্থন প্রভু বচন আমার ॥
সোলসয় গতি হইল প্রভুর শাক্ষাতে আইল
সভে গেল পঞ্চম দুয়ার ।
গোশাঞের বাত্রা পায়া পঞ্চম দুয়ারে গিয়া
জার সঙ্গে অনেকগতি ।
ভাবিয়া ধর্ম্মের পায় রামাঞি পণ্ডিত গায়
তব পদে রহে জেন মতি ॥

আমিনীকে ছুয় না জমদুত ভাই।
সুদ্ধ শেবক করিঞা থুইল নিরঞ্জনের ঠাই ॥
পাটা ফোঁটা দেখ আমুনীর গলায় তুলসী।
আজি হৈতে করীঞে থুইব নিরঞ্জনের দাসী ॥
পশ্চিম দুয়ারে আমিনী কেমন বিচার।
কান্ধে উত্তরী পাটা চন্দ্র কোটাল ॥
দক্ষিন দুয়ারে আমনী কেমন বীচার
তিরতরকস হাথে হনুমন্ত কোটাল ॥
পূর্ব্ব দুয়ারে আমিনী কেমন বিচার।
দ্বাদস আদীত্ত সঙ্গে সূর্য্য কোটাল ॥
গাজন দুআরে আমিনী কেমন বীচার।
বিষ্ণুর বাহন আইলা গরুড় কোটাল ॥
পঞ্চম দুয়ারে আমিনী কেমন বিচার।
প্রভুর বাহন সঙ্গে উল্লুক কোটাল ॥
গাইল পণ্ডিত রাম ধর্ম্মপদগতি।
আমিনীকে বর দিহ যুগের জুগপতি ॥ ১ ॥
পচ্ছিম দুয়ারে আমিনী কেমন বিচার।
সেত পণ্ডিত জোথা চন্দ্র কোটাল ॥
চারীসয় গতী বসুআ ঘট দাসী।
হোম জজ্ঞ করিঞা দিল তাম্র অঙ্গুরি ॥

দক্ষিন দুয়ারে ভাই কেমন বীচার।
লিল পণ্ডিত আর হনুমন্ত কোটাল ॥
আটসয় গতি চরিত্রা ঘটদাসী।
হোম জজ্ঞ করিয়া দীল তাম্ব্র অঙ্গুরি ॥
পূর্ব্ব দুয়ারে ভাই কেমন বীচার।
কংশ পণ্ডিত জোথা সূর্য্য কোটাল ॥
বারশয় গতা আইল গঙ্গা ঘট দাসী।
হোম যগ্য করিঞা দিল তাম্ব্র অঙ্গুরি ॥
গাজন দুয়ারে ভাই কেমন বিচার।
রাম পণ্ডিত আছে গরূড় কোটাল ॥
সোলসয় গতী দুর্গা ঘট দাসী।
হোম জগ্য করীঞা দীল আম্ব্র অঙ্গুরি ॥
পঞ্চম দুয়ারে আমিনী কেমন বীচার।
গোশাঞি পণ্ডিত আর উল্লুক কোটাল ॥
বিসাশয় গতি আমনী ঘট দাসি।
হোম জগ্য করিঞা দিল তাম্র অঙ্গুরি ॥
গাইল পণ্ডিত রাম অনাদ্যের বরে।
ধর্ম্মের মায়াতে কেহো স্থির হতে নারে ॥
বেদ বেদ করি ব্রহ্মা পাতন্তি রোল।
কোন কোন বেদ ব্রহ্মা অবেক্ত বেক্ত কোরি বোল ॥

সেই যে ব্রহ্মা জগৎপূজিত নাম।
যোষ্ট কোষ্ট নাসিকা প্রাণ সমন
উদ্যান উব্যান বাহির বন্দি।
আদ্য জ্ঞাণের অলপ পাপ ছেদন।
সুন সুন হে ব্রহ্মা ইহাকে বোলি চতুর্ব্বেদ।
সামবেদ বিম্বুল ভেগে রাঙ্গালাল সুবর্ন শুধির
চাঁদে সূর্য্যে দুই পক্ষ বন্দি।
যোষ্ঠ কোষ্ঠ নাসিকা প্রাণ সমন উদ্বান
উব্যান বাহির বন্দি॥
আদ্য জ্ঞাণের অলপ পাপ ছেদন।
সুন সুন হে ব্রহ্মা ইহাকে বোলি শ্রীপঞ্চমবেদ॥
পঞ্চম বেদ কথন্তি শ্রীপণ্ডিত রামাঞি
হেন তত্ত্ব কহিল সার।
সুন হে ঠাকুর করতার॥

শ্রীশ্রীকৃষ্ণঃ॥

---

সঙ্খ উপজিল পণ্ডিত সঙ্খের চার।
কহ কহ পণ্ডিত আদ্যের সঙ্খের প্রচার॥
আদি সঙ্খ ভোরি বার্ম্মতি।
হোরিহর সঙ্খ পাপে মুক্তি॥

জোদি হয় সঙ্খ ভবনোদি পার।
দ্বাদশ অঙ্গুলি সঙ্খের চার॥
কমলে ভর কোরি সঙ্খ সাজন্তি পানি।
দক্ষিণাবর্ত্ত সঙ্খ সদ্ধ প্রাণি॥
কে কোরিল গয়া কে কোরিল গঙ্গা।
খির গোদি শমুদ্রে উপজিল সঙ্খা॥
সে শঙ্খ সঙ্খারি কাটে।
সে সঙ্খ বিকায় হাটে॥
কোন বন্ন কন নাম?
অজয় সঙ্খ বিজয় সঙ্খ অম্বীকানি মহামনি সঙ্খ।
রামাঞী পণ্ডিৎ কহে সঙ্খের জর্ম্ম॥

শ্রীশ্রীধর্ম্মঃ॥

---

## অথ গৃহভরণ স্থাপন সামগ্রী॥

দেবরাজস্য স্থাপন কে। বস্ত্র ৩২। তাম্রবাটা ২। পঞ্চগুণ্ডী ৫। বট পত্র ১০ দশটা। গন্ধপুষ্প। গণেশ ঘট ১। পাঁচ কলস। স্নান দ্রব্য ধান্য, পঞ্চপল্লব, গন্ধ, সিন্দূর, ফল, পুষ্প, বস্ত্র। লক্ষ্মীকে পাই ১ মুকুট ৫ নারিকেল ৩ পতাকা ১১ নৈবেদ্য। ততো বরণসামগ্রী।

শ্রীশ্রীধর্ম্মকে বরণজোড় বস্ত্র ১, অঙ্গুরী ১, গুবাক চন্দন। এবং গুরুদেবস্য। এবং ধর্ম্মাধিকারী। এবং ভোগবটু। এবং পণ্ডিত। এবং দেউল্যা। এবং দ্বাদশ ভক্তানাঞ্চ॥ ১২॥ ততঃ আমিনী। তত্র গায়ন, বায়ন, মালাকার, জল সাম্পুট। দৈবজ্ঞ তথা ধর্ম্মপুরোহিত। এবং ২৫ কে বস্ত্র ২৫, অঙ্গুরী ২৫, উত্তরী ২৫।

কুবের স্থাপনকে পিড়া ১, টঁকা ১, মুকুট ২, গুবাক, হরিদ্রা, কড়ি কিছু, বস্ত্র ২। এতদ্ধি।

কামিনা তোলন কে। ঘট ৫, কলস ১, বস্ত্র ৮, জাতিফল ১, নারিকেল ১, পঞ্চপল্লব, পঞ্চগুণ্ডী, পঞ্চামৃত, মুকুট ১।

### অধিবাস সামগ্রী।

বলিছাগ ২। নবদণ্ডকে কাচা ১। নৈবেদ্য। বরুণ বরুণকে নৈবেদ্য, গন্ধ, সিন্দূর। এতদ্ধি।

গম্ভারী বৃক্ষ ছেদন কে। বস্ত্র ২, নৈবেদ্য, তৈল, হরিদ্রা, গন্ধ, সিন্দূর, ফল, পুষ্প। বৃক্ষকে বস্ত্র ১। অধিবাসসামগ্রী। উত্থান সাজ। কর্ম্মকারকে বস্ত্র ১। অঙ্গুরী। মাল্যচন্দন।

লৌহপিণ্ড পূজনকে নৈবেদ্য পুষ্প।

মুক্তাধিবাসনকে দ্রব্য। পিড়া ১, মাজুর ১, বস্ত্র ১, আসন ১, টঁকা ১, তণ্ডুল ১২ বার পাই, ডাবু ১, এলাইচ ৫, লবঙ্গ ৫, জাতীফল ২, গুবাক ১২, হরীতকী ১২, হরিদ্রা এক মুঠা ১, কড়ি এক মুঠা, জাঁতি ১, কাজললাতা ১, কৌটা ১, সর্ব্বৌষধি, পঞ্চরত্ন।

ওটনাকে ভূনি ১, শঙ্খ ২, খটকে বস্ত্র ২। কোলসরাকে গুবাক। হরীতকী। কড়ি কিছু। কুন্দালাড়ু। অলক্তক। সূত্র। ঘট ১০। অধিবাস সামগ্রী। প্রশস্তপাত্র।

নান্দীমুখ শ্রাদ্ধকে বস্ত্র ৬, তণ্ডূল ১২, বার পাই, গুবাক ৫ পাঁচ গণ্ডা, খই দুই ডালা, কুণ্ডা লাড়ু। আবাটা তৈল হরিদ্রা। চন্দন মাল্য। মুকুট ২। নৈবেদ্য। বরণ-সামগ্রী সর্ব্বেষাং এতদ্ধি।

ঘর কাণ্ডারণকে দ্রব্য॥ তৈল ৩ তিন পাই। কাল্যা জিরা ১ এক সের। সিন্দূর ১ সের। কৃষ্ণতিল ৩ তিন পাই। মুসুরি কলাই ৩ তিন পাই। বিরিকলাই ৩ তিন পাই। ফাগু ১ এক সের। আবির ১ এক পাই। কড়ি ১২ বার পন॥

মুষ্টি স্থাপনকে দ্রব্য। গুবাক ১২। পান ১২। পাছড় কাপড় ১। নৈবেদ্য ॥

বৈতরণীকে। ধেনু ১। বস্ত্র ২। তিল ১ এক পাই। তাম্র ১। সুবর্ণ ১। রূপা ১। দ্বাদশ দান। মুকুট ১। ঘণ্টা ১০ ॥

অগ্নি সন্ন্যাসকে। বস্ত্র ১। চড়ককাষ্ঠপূজাকে বস্ত্র ১। উৎসর্গকে বস্ত্র ১ ইতি। এবং বস্ত্র ৬০। ঘট ১২। নারিকেল ৮। জাতীফল ২। লবঙ্গ ৫। এলাইচ ৫। অঙ্গুরী ২৫। উত্তরীয় ২৫। পিড়া ২। টঁকা ২। ছাগ ১২। আতপ তণ্ডুল ৩ তিন মাপ। গুবাক ৩ বার সের। ইত্যাদি।

পূজার নিবন্ধ। প্রথম দিনে তণ্ডুল ১০ দশ পাই। খণ্ড গুড় ২ দুই সের। দুগ্ধ অর্দ্ধ সের। দধি অর্দ্ধ সের। গুবাক ১৫ পনরটী। কলা ভণ্ডা ১ একটী। পত্র ১৫ পনেরখানি থালা ২০ কুড়িটী। চন্দন পুষ্পমালা ১৩ তেরটী। এবং প্রতিদিন দ্বিতীয়দিনাৎ একাদশদিনপর্য্যন্তমেবং।

ততো ভোগনির্ণয়। তণ্ডুল ৩ তিন সের। দুগ্ধ ১ এক সের। খণ্ড অর্দ্ধ সের। পত্র পাঁচখানি।

ততো দ্বারভেট। তণ্ডুল ১ এক সের। হরীতকী ৫। বস্ত্র ১ ॥

বোজের নিবন্ধ ॥ পুরোহিতের বার দিনে ॥ তণ্ডুল ৶০ তিন সলী। ডালি ১২ বার পাই। নবন ৸০ তিন

সের। তৈল ৶০ তিন পাই। চিড়া মুড়কি ৶০ তিন সলি। লাড়ু বার পুঞ্জি। পানবিড়া ১২ গণ্ডা। দুগ্ধ ৬ ছয় পাই। খণ্ড ১॥ ছয় পুয়া॥ এবং পণ্ডিতের॥ এবং দেউল্যার॥

ধর্ম্মপুরোহিত ভোগবটুঃ। তস্য তণ্ডুলসিধা সমেত /২ বাইস পাই। ডালি ১ এক পাই। নবন অর্দ্ধ সের। তৈল অর্দ্ধ সের। জলপানসামগ্রী কিছু॥

গায়েনের নিবন্ধ॥ তণ্ডুল দিন প্রতি ৫ পাঁচ পাই॥ ডালি ॥৵০ আড়াই পুয়া। নবন এক পুয়া। তৈল এক পুয়া। জলপান ৫ পাঁচ পাই। দধি ২ দুই সের। বিড়াপান ২॥ দশটী॥

বায়েনের॥ তণ্ডুল ১৷০ পাঁচ পুয়া। ডালী অর্দ্ধ পুয়া। নবন /০ এক ছটাক। তৈল এক ছটাক। দধি অর্দ্ধ সের। জলপান ১৷০ পাঁচ পুয়া। পান তিন বিড়া॥

মালাকার॥ তণ্ডুল ১ ডালী ৵ অর্দ্ধ পুয়া। নবণ এক ছটাক। জলপান ১ এক সের॥

দৈবজ্ঞ॥ তণ্ডুল ১ এক পাই। ডালী অর্দ্ধকনা। নবণ ১ ছটাক। তৈল ১ ছটাক। জলপান ১॥।

ভাণ্ডারী॥ তণ্ডুল ১ পাই। ডালী অর্দ্ধকনা। নবণ ১ ছটাক। তৈল অর্দ্ধ ছটাক। জলপান ১।

নাপিত॥ তণ্ডুল ১ পাই। ডালী অর্দ্ধ ছটাক। নবণ ১ ছটাক। জলপান ১ পাই। এবমন্যেষাং॥

দ্বাদশ ভক্তার নিবন্ধ॥ আতপ ১ সের। দুগ্ধ॥ অর্দ্ধ সের। খণ্ড অর্দ্ধ পুয়া। হাণ্ডি ১টী। কাষ্ঠ ৪ খানি। পত্র ১ খানি। তথা কলসী বার ভক্তাকে বারটী॥ দক্ষিণা শ্রীশ্রী৺নিছনী টং ১ বিদায় ১। ভোজন দক্ষিণা॥ এবং টঙ্ক ২৷৷০ দশ দিকা বস্ত্র ১॥

দেউল্যার বিদায় টং ১, বস্ত্র ১॥

গায়ন॥ দক্ষিণা টং ৩। বস্ত্র পাগ ১ পটুকা দুইকে ২ জোড় ১ পাছড়া ১ টোডর তিনকে ৬ অথবা যথাশক্তি॥

বায়ন॥ টং ১। বস্ত্র ১॥

পণ্ডিত॥ঘর দর্শনী টং ১। বিদায় ২ এবং ৩। বস্ত্র পাগ ১। জামা ১। পটুকা ১। পাছড়া ১। টোডর ১ জুড়ি॥ অথবা যথাশক্তি॥

নিজ পুরোহিত ধামতি কর্ণী তস্য। বস্ত্র জোড়া ১। দক্ষিণা টং ২। দ্বাদশ দান মূল্য ৶। বৈতরণী দক্ষিণা টং॥

চণ্ডির দক্ষিণা ৷৷০। হোম দক্ষিণা ৷৷০ এবং ৩৶। থাল ১ ঘটী ১ বাটী ১॥ ভোগবটু দক্ষিণা টং ৷৷০। ভোগ-রন্ধনকা ৩৵০ এবং ৷৷৵০ বস্ত্র ১। দ্বাদশভক্তার টং ৩। মালী ৷৷০। ভাণ্ডারী ৷৷০। নাপিত ৷৷০। দৈবজ্ঞ ৵০ এবং ১৯৶০॥ লুয়্যাপুতার ৷৷০ উনিস তঙ্কা এগার আনা॥ মুষ্টিস্থাপনের মুক্তার উটনীর আসনের বস্ত্র পণ্ডিতের হয়॥ আদ্য স্থাপন গণেশ ঘটের লক্ষ্মীর মুক্তাধিবাসনের নান্দীমুখের, চড়[ক] কাষ্ঠের অগ্নিসন্ন্যাসের ষোড়শোপচারপূজার বস্ত্রাদি সামগ্রী

নিজ পুরোহিত ধামাতিকর্ণীর ভোগকালে আসনের বস্ত্র শেষ দিবসের দেউল্যার। থাল, গাড়ু, কোটরা শ্রীশ্রী৺-পাত্রভোগের বস্ত্র ভোগবটুর ১। পাটের কামিনার বস্ত্র পাটভক্তার। গামারি বৃক্ষের বস্ত্র সন্যাসীর। দণ্ডের বস্ত্র দণ্ড সাঙ্গইর। কুবেরের বস্ত্র মালীর। বৈতরণীর গরু যজমানের পুরোহিতের॥ এবমন্যেষাং॥

লুয়্যাপুতা কড়ি দেউল্যার হয় কিন্তু পণ্ডিত দায় করিয়া লেই॥ এবং দ্বার ভেট তণ্ডুল পাটভক্তার হয়॥ কোন খানে পণ্ডিতে নেই॥ কামিনার নৈবেদ্য সন্যাসীর॥ পাটের নৈবেদ্য পাটভক্তার। কামিন্যার বস্ত্র কোনখানে সন্যাসী নেই॥

## দ্রব্যবিভাগ॥

মহাপ্রসাদ সর্ব্বলোককে দিয়া জে থাকে তাহা ৩॥ সাড়ে তিন অংশ করিয়া একাংশ ধামাতিকর্ণীর একাংশ পণ্ডিতের একাংশ দেউল্যার॥ শ্রীশ্রী৺পূর্ব্বনিবন্ধ ভোগবটুর, কুবের মালীরা ইতি॥ গৃহভরণ শ্রীশ্রী৺পূজা-পদ্ধতি সমাপ্তঃ॥

শ্রীঅর্জ্জুন পণ্ডিতঃ॥ শ্রীশ্রীধর্ম্মায় নমঃ॥ শ্রীশ্রীরাধা-কৃষ্ণাভ্যাং নমঃ॥

---

২১৯ পাতায় "কালিমাজাল্লালের" পাঠান্তর এসিয়াটিক-সোসাইটির পুথি ( নং ৫৪২৪ ) রমাই পণ্ডিতের শূন্যপুরাণ হইতে নীচে দেওয়া গেল।

## শ্রীনিরঞ্জনের রুস্মা।

জাজপুর পূয়বাদি সোলস্বয় ঘর বেদি
বেদি লয়, কণ্বয় যুন।
দক্ষিন্যা মাগিতে যায় জার ঘরে নাঞি পায়
সাঁপ দিয়া পড়ায় ভুবন॥
মালদহে নাগে কর দিনয় কর্ন্ন যুন। (?)
দক্ষিনা মাগিতে যায় জার ঘরে নাঞি পায়
সাঁপ দিয়া পড়ান ভুবন॥
মালদহে নাগে কর না চিনে আপন পর
জালের নাঞিক দিশপাস।
বোলিষ্ট হইল বড় দশ বিশ হয়্যা জোড়
সধর্ম্মিরে করএ বিনাশ॥
বেদ করে উচ্চারন বেরায় অগ্নি ঘনে ঘন
দেখিয়া সভাই কম্ফমান।
মনেতে পাইয়া মর্ম্ম সভে বলে রাখ ধর্ম্ম
তোমা বিনে কে করে পরিত্রান॥

এইরূপে দ্বিজগন করে স্রিষ্টী সংহারন
এ বড় হৈইল অবিচার।
বৈকণ্ঠে থাকিয়া ধর্ম্ম মনেতে পাইয়া মর্ম্ম
মায়াতে হইল অন্ধকার॥
ধর্ম্ম হৈল্যা জবনরূপি মাথায়েতে কালটুপি
হাতে সোভে ত্রিরূচ কামান।
চাপিয়া উত্তম হয় ত্রিভুবনে নাগে ভয়
খোদায় বলিয়া এক নাম॥
নিরঞ্জন নিরাকার হৈল্যা ভেস্ত যবতার
মুখেতে বলেন দম্বদার।
যতেক দেবতাগন শভে হয়্যা একমন
আনন্দেতে পরিল ইজার॥
ব্রহ্মা হৈল্য মহাঁমদ বিষ্ণু হৈল্যা পেকাম্বর
আদম্ফ হৈল্যা শুলপানি।
গণেশ হৈইয়া গাজি কাত্তিক হইল্য কাজি
ফকির হইল্য যত মুনি॥
তেজিয়া আপন ভেক নারদ হৈইল্য শেক
পুরন্দর হইল মলনা।
চন্দ্র সূর্য্য আদি দেবে পদাতীক হয়্যা সেবে
সবে মেলি বাজায় বাজনা॥

আপুনি চণ্ডিকা দেবি তিহঁ হৈল্যা হায়া বিবি
পদ্মাবতি হল্য বিবিনুর।
যতেক দেবতাগন হয়্যা সবে একমন
প্রবেশ করিল জাজপুর॥
দেউল দেহারা ভাঙ্গে কাড্যাফিড্যা খায় রঙ্গে
পাখড় পাখড় বলে বোল।
ধরিয়া ধর্ম্মের পায় রামাঞি পণ্ডিত গায়
ইবড় বিসম গণ্ডগোল॥

# শুদ্ধিপত্র

| অশুদ্ধ | শুদ্ধ | পত্র | পংক্তি |
|---|---|---|---|
| তাল্মূলে | তালুমূলে | ১৮ | ৯ |
| থগ্ | ঋগ্ | ২২ | ১০ |
| তাম্বুলং | তাম্বূলং | ৫১ | ১৪ |
| কাটি | কোটী | ৮৪ | ১৪ |
| মনুষ্যানা | মনুষ্যাণা | ৮৫ | ১১ |
| সাধিন্ধ্য | সান্নিধ্য | ৯৪ | ১৮ |
| মেথেল | মেখল | ১০০ | ১ |
| নমঃ | নঃ | ১০৩ | ১২ |
| সম্ভুতং | সম্ভূতং | ১২০ | ১৭ |

( পং ৮৬—১০৯ নং শ্লোক দেখ। এসিয়াটিক সোসাইটীর ৬০৬৭ নং পুথি দৈবজ্ঞপাঠককৃত মৌনমন্ত্রপ্রকাশ হইতে নীচে ঐ শ্লোকটীর বিশুদ্ধ পাঠ দেওয়া গেল )

ওঁকারপ্রৌঢ়মূলঃ ক্রমপদকঠিনশ্ছন্দবিস্তীর্ণশাখ

ঋকৃপত্রঃ সামপুষ্পো যজুরধিকফলোঽথর্ব্বগন্ধং দধানঃ।

যজ্ঞচ্ছায়াসুশীতো দ্বিজমধুপগণৈঃ সেব্যমানঃ প্রভাতে

মধ্যে সায়ং ত্রিকালং শুচিরমৃতনিভঃ পাতু বো বেদবৃক্ষঃ॥